নুশিন ইলেকট্রনিক্স

প্রোঃ মোঃ রেদওয়ান

এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।

স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫

দৈনিক

চাঁদপুর দিগন্ত

The Daily Chandpur Diganta

সত্য প্রকাশে অবিচল

সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত

বুধবার

রেজিঃ নং-চ-৫১৩
২১ অক্টোবর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৭৮
৫ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
৯ জমা: আউয়াল ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা

E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

নবমীর পূজা শেষ, আজ বিজয়া দশমী

দিগন্ত ডেস্ক

শারদীয় দুর্গোৎসবের মহানবমীর পূজা শেষ হয়েছে। আজ বুধবার (২১ অক্টোবর) বিজয়া দশমী।
আজ প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে শেষ হবে সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব দুর্গাপূজা।
মঙ্গলবার (২০ অক্টোবর) সকাল থেকে চাঁদপুরসহ সারা দেশের পূজামণ্ডপগুলোতে মহানবমীর পূজা, পুষ্পাঞ্জলি ও নানা ধর্মীয় আচার-অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ভক্তরা দেবী ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুর জেলা জামায়াতের ৩ দিনব্যাপী লিডারশিপ ট্রেনিং ক্যাম্পে বক্তব্য রাখছেন কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা এ টি এম মাসুম।

চাঁদপুর জেলা জামায়াতের ৩ দিনব্যাপী লিডারশিপ ট্রেনিং ক্যাম্প

ক্ষমতা নয়, আখেরাতমুখী জীবন গড়াই হোক জামায়াত নেতাদের লক্ষ্য

---------সহকারী সেক্রেটারি মাও. এ টি এম মাসুম

স্টাফ রিপোর্টার

জামায়াতে ইসলামীর নেতাকর্মীদের দুনিয়ামুখী মানসিকতা পরিহার করে রাসূলুল্লাহ (সা.)-এর আদর্শে অনুপ্রাণিত হয়ে আখেরাতমুখী জীবন গড়ে তোলার আহ্বান জানিয়েছেন দলটির সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা এ টি এম মাসুম। তিনি বলেছেন, সংগঠনের প্রতিটি পর্যায়ে শৃঙ্খলা ও ভ্রাতৃত্বের বন্ধন সুদৃঢ়? করার পাশাপাশি নিয়মতান্ত্রিক পন্থায় দ্বীন প্রতিষ্ঠার প্রচেষ্টা চালাতে হবে। এ ক্ষেত্রে কোনো ধরনের হঠকারী সিদ্ধান্ত নেয়া যাবে না।
মঙ্গলবার (২০ অক্টোবর) বিকেলে চাঁদপুর শহরের নিউ ট্রাক রোডস্থ দারুস সালাম ইসলামিক সেন্টারে জেলা জামায়াতের উদ্যোগে আয়োজিত তিন দিনব্যাপী লিডারশিপ ট্রেনিং ক্যাম্পে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এ টি এম মাসুম বলেন, ● ২-এর পাতায় দেখুন

এইচএসসি পরীক্ষার ফল ২৯ অক্টোবর

দিগন্ত ডেস্ক

চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষার ফল চলতি মাসের ২৯ অক্টোবর প্রকাশ করা হবে। এমন পরিকল্পনা রয়েছে শিক্ষা প্রশাসনের। বিশেষ কোনো কারণ ছাড়া এই তারিখই বহাল থাকবে।
মঙ্গলবার আন্তশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির এক কর্মকর্তা দৈনিক শিক্ষাডটকমকে এ তথ্য জানানো হয়। জানা গেছে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন দেশে ফেরার পর ২৩ ও ২৪ অক্টোবর ফল প্রকাশের সুনির্দিষ্ট তারিখ নিয়ে আনুষ্ঠানিক আলোচনা ● ২-এর পাতায় দেখুন

নাটোরে বাস-ট্রাকের সংঘর্ষে নিহত ১৪, পরিচয় শনাক্ত ১০ জনের

নাটোরের বড়াইগ্রামের বনপাড়ায় বাস-ট্রাকের মুখোমুখি সংঘর্ষে নিহত হয়েছেন ১৪ জন। এ ঘটনায় আহত হয়েছেন আরও ৩০ জন। এ ঘটনায় জেলা প্রশাসনের পক্ষ থেকে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আবুল হায়াতকে প্রদান করে ৭ সদস্যের তদন্ত কমিটি ও নিহতদের ২৫ হাজার টাকা করে সহায়তা প্রদানের ঘোষণা দেওয়া হয়।
এছাড়া তাৎক্ষণিক ঘটনাস্থল পরিদর্শনে গিয়ে নিহত পরিবারগুলোকে এক লক্ষ টাকা করে প্রদানের ঘোষণা ও রাস্তা প্রশস্ত করনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন জাতীয় সংসদের হুইপ ও নাটোরের স্থানীয় সংসদ সদস্য অ্যাডভোকেট এম রুহুল কুদ্দুস ● ২-এর পাতায় দেখুন

দেশে অ্যানথ্রাক্স ছড়িয়ে পড়ার শঙ্কা বাড়ছে

দিগন্ত ডেস্ক

দেশে অ্যানথ্রাক্স ছড়িয়ে পড়ার শঙ্কা বাড়ছে। অ্যানথ্রাক্স মূলত গবাদিপশুবাহিত রোগ। ওই রোগে আক্রান্ত পশুর রক্ত, মাংস, চামড়া বা মৃতদেহের সংস্পর্শে এলে মানুষের মধ্যে তা সংক্রমণ হতে পারে। আর দ্রুত শনাক্ত ও চিকিৎসা না হলে তা হয়ে উঠতে পারে গুরুতর। গত দুই মাসে দেশের ৫ জেলায় শতাধিক মানুষ অ্যানথ্রাক্সে আক্রান্ত হওয়ার খবর মিলেছে। এমন পরিস্থিতিতে অ্যানথ্রাক্সের বিস্তার রোধে আক্রান্ত পশু জবাই ও মাংস বিক্রি না করা, অসুস্থ বা মৃত পশুর সংস্পর্শ এড়িয়ে চলা এবং দ্রুত চিকিৎসকের পরামর্শ নেয়া জরুরি। রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর) এবং স্বাস্থ্যখাত সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়।
সংশ্লিষ্ট সূত্র মতে, অ্যানথ্রাক্স দেশে নতুন কোনো রোগ নয়। বরং দেশের উত্তরাঞ্চলে দীর্ঘদিনের একটি স্থানীয়ভাবে বিদ্যমান রোগ। সেজন্য বিগত ২০১৯ সালে আগের প্রাদুর্ভাবের ভিত্তিতে সিরাজগঞ্জ, পাবনা, মেহেরপুর, টাঙ্গাইল ও রাজশাহী জেলার ৯টি উপজেলায় সক্রিয় নজরদারি শুরু করা হয়। আর নজরদারি তথ্যানুযায়ী মেহেরপুরের গাংনী উপজেলায় দীর্ঘদিন ধরে অ্যানথ্রাক্সের রোগী শনাক্ত হচ্ছে। বিগত ● ২-এর পাতায় দেখুন

অলিপুর ইউনিয়নের সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখছেন সংসদ সদস্য ইঞ্জি. মমিনুল হক।

হাজীগঞ্জের অলিপুর ইউনিয়নের পক্ষ থেকে এমপি মমিনুল হককে সংবর্ধনা

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জ উপজেলার নবাগত ১৩নং অলিপুর ইউনিয়নের পক্ষ থেকে চাঁদপুর-৫ (হাজীগঞ্জ-শাহরাস্তি) নির্বাচনী এলাকার সংসদ সদস্য ইঞ্জি. মমিনুল হককে সংবর্ধনা প্রদান করা হয়েছে। মঙ্গলবার (২০ অক্টোবর) বিকালে অলিপুর উচ্চ বিদ্যালয় মাঠে বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্য দিয়ে তাকে ইউনিয়নবাসীর পক্ষ থেকে এ সংবর্ধনা প্রদান করা হয়। উপজেলা বিএনিপর সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক আনিসুর রহমান কানু পাটওয়ারী সভাপতিত্বে সংবর্ধিত অতিথির বক্তব্যে ইঞ্জি. মমিনুল হক বলেন, পূর্বে হাজীগঞ্জ সদর ইউনিয়ন ও ● ২-এর পাতায় দেখুন

মতলব বাজারে শ্রী শ্রী জগন্নাথ দেবের মন্দিরে বক্তব্য রাখছেন চাঁদপুর জেলা পরিষদ প্রশাসক একেএম সলিম উল্যা সেলিম।

শারদীয় দুর্গোৎসব যেনো সর্বজনীন উৎসবে পরিণত হয় সেটাই আমাদের লক্ষ্য

---জেলা পরিষদ প্রশাসক একেএম সলিম উল্যা সেলিম

মতলব দক্ষিণ প্রতিনিধি

চাঁদপুর জেলা পরিষদ প্রশাসক ও চাঁদপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক একেএম সলিম উল্যা সেলিম বলেছেন, "আমাদের মধ্যে কোনো বৈষম্য নেই। আপনারা নির্বিঘ্নে ও আনন্দঘন ● ২-এর পাতায় দেখুন

শাহরাস্তিতে অবৈধভাবে বালু উত্তোলন ১ লাখ ৮০ হাজার টাকা জরিমানা

বিশেষ প্রতিনিধি

শাহরাস্তিতে অনুমোদনহীন ড্রেজার দিয়ে কৃষিজমি থেকে মাটি ও বালু উত্তোলনের অপরাধে দুই ব্যক্তিকে মোট ১ লাখ ৮০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। এ সময় অবৈধভাবে বালু উত্তোলনে ব্যবহৃত পাইপও বিনষ্ট করা হয়।
মঙ্গলবার (২০ অক্টোবর) বিকেল ৫টা থেকে রাত ৯টা পর্যন্ত উপজেলার চিতোষী পূর্ব ইউনিয়নের রাজারামপুর কর্নপাড়া এলাকায় গোপন সংবাদের ভিত্তিতে এ অভিযান পরিচালনা করা হয়।
বিজ্ঞাপন
অভিযান সূত্রে জানা যায়, অনুমোদন ছাড়াই ড্রেজারের মাধ্যমে মাটি ও ● ২-এর পাতায় দেখুন

মতলব উত্তরে জমি দখলের অভিযোগ অস্বীকার ও অপপ্রচারের প্রতিবাদে সংবাদ সম্মেলনে বক্তব্য রাখছেন ডা. রুহুল কুদ্দুস বিপ্লব।

জমি দখল ও অপপ্রচারের অভিযোগে জামায়াত প্রার্থী পরিবারের পাল্টা সংবাদ সম্মেলন

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তরে প্রবাসী পরিবারকে অবরুদ্ধ করা ও জমি দখলের অভিযোগ অস্বীকার করে সংবাদ সম্মেলন করেছে জামায়াতে ইসলামী মনোনীত মেয়রের পরিবার ও স্থানীয় নেতৃবৃন্দ। মঙ্গলবার (২০ অক্টোবর) উপজেলার বড়মরাদোন এলাকার মুজাফফর সিকদার কমপ্লেক্সে এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।
প্রতিবাদে বক্তারা দাবি করেন, জামায়াতে ইসলামীর মনোনীত ছেংগারচর পৌরসভার মেয়র পদপ্রার্থী প্রকৌশলী আব্দুল হাই শিকদার ও তার পরিবারের ভাবমূর্তি ক্ষুণ্ন করতে অসত্য তথ্য ছড়িয়ে রাজনৈতিক ও সামাজিকভাবে হেয়প্রতিপন্ন করার অপচেষ্টা চালানো হচ্ছে।
সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে আব্দুল হাই শিকদারের ছোট ভাই এবং পিজি হাসপাতালের নিউরোসার্জারি বিভাগের সহযোগী অধ্যাপক ডা. রুহুল কুদ্দুস বিপ্লব বলেন, "অভিযোগকৃত স্থানে ● ২-এর পাতায় দেখুন

মতলব উত্তরে ইয়াবা ও গাঁজাসহ দুই মাদক কারবারি গ্রেফতার

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তর উপজেলায় বিশেষ অভিযান চালিয়ে ইয়াবা ও গাঁজাসহ দুই ব্যক্তিকে গ্রেপ্তার করেছে থানা পুলিশ। এদের মধ্যে মোহাম্মদ আলী প্রধান নামের এক আসামির বিরুদ্ধে ডাকাতি মামলার তিনটি পরোয়ানা রয়েছে।
পুলিশ জানায়, জেলা পুলিশ সুপারের সার্বিক দিকনির্দেশনা এবং সংশ্লিষ্ট সার্কেল ও থানার কর্মকর্তার তত্ত্বাবধানে এই অভিযান পরিচালিত হয়।
মতলব উত্তর উপজেলার দুর্গাপুর ইউনিয়নের খালপাড় প্রধানিয়া বাড়ি থেকে মোহাম্মদ আলী প্রধান (৪৫) কে ৫২ পিস ইয়াবাসহ গ্রেপ্তার করা হয়। তিনি মৃত বাহার আলী প্রধান ও কমলা বেগমের সন্তান। পুলিশের তথ্যমতে, তিনি একাধিক ডাকাতি মামলারও সন্দেহভাজন আসামি।
একই ইউনিয়নের ঋষিপাড়া সংলগ্ন ইটভাটার সামনের বেড়িবাঁধ সড়ক ● ২-এর পাতায় দেখুন

শেখ হাসিনার প্রত্যাবর্তনকে স্বাগত জানিয়ে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের মিছিল।

শাহরাস্তিতে নিষিদ্ধ ছাত্রলীগের ঝটিকা মিছিল ঘিরে তোলপাড়

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তিতে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রত্যাবর্তনকে স্বাগত জানিয়ে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের মিছিলের একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়েছে। এ ঘটনায় স্থানীয় রাজনৈতিক অঙ্গনে আলোচনা-সমালোচনা সৃষ্টি হয়েছে।
মঙ্গলবার (২০ অক্টোবর) দুপুর থেকে মিছিলের ভিডিওটি সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়ে। আওয়ামী লীগ ও ছাত্রলীগের বেশ কয়েকজন নেতাকর্মী ভিডিওটি নিজেদের ফেসবুক আইডিতে শেয়ার করেন। বিভিন্ন সূত্রের দাবি, ছাত্রলীগ নেতা সাজ্জাদ হোসেন সুজনের নেতৃত্বে মঙ্গলবার ভোরে মুদাফফরগঞ্জ-চিতোষী সড়কে মিছিলটি বের করা হয়। পরে দুপুরে নিজের ফেসবুক আইডি থেকে ● ২-এর পাতায় দেখুন

মতলব উত্তরে ওয়াজ মাহফিলে বক্তব্য রাখছেন ড. এনায়েতুল্লাহ আব্বাসী।

মতলবে ওয়াজ মাহফিলে সাংবাদিকদের নিয়ে আব্বাসীর বিতর্কিত মন্তব্য

মতলব উত্তর প্রতিনিধি

সাংবাদিকদের একাংশকে 'কুত্তার মতো পিটানো দরকার' বলে মন্তব্য করেছেন ইসলামী বক্তা ড. সাইয়্যেদ মুহাম্মদ এনায়েতুল্লাহ আব্বাসী। মাদকের বিরুদ্ধে অভিযানের ইতিবাচক দিক প্রচার না করে অভিযানের পদ্ধতি নিয়ে সংবাদ প্রকাশের সমালোচনা করতে গিয়ে তিনি এ মন্তব্য করেন।
সোমবার (১৯ অক্টোবর) রাতে মতলব উত্তর উপজেলার নিশ্চিন্তপুর হাফিজিয়া মাদ্রাসার বার্ষিক ওয়াজ ও দোয়ার মাহফিলে প্রধান বক্তার বক্তব্যে তিনি এসব কথা বলেন। বক্তব্যে সাংবাদিকদের একাংশকে 'হলুদ সাংবাদিক' আখ্যা দিয়ে তাদের বিরুদ্ধে অবস্থান নেওয়ার ● ২-এর পাতায় দেখুন

বাড়িতে ডিজে পার্টি ও মাদকের আসর, অতিরিক্ত ডিআইজি প্রত্যাহার

দিগন্ত ডেস্ক

অতিরিক্ত ডিআইজি আবদুল্লাহ আল জহিরকে প্রত্যাহার করা হয়েছে। মঙ্গলবার এক অফিস আদেশে এ তথ্য জানিয়েছে পুলিশ হেডকোয়ার্টার্স।
এর আগে রাজধানীর পূর্বাচলের রূপগঞ্জের কালনী এলাকায় অতিরিক্ত ডিআইজি আবদুল্লাহ আল জহিরের মালিকানাধীন একটি বাড়িতে অভিযান চালিয়ে মাদকসহ ৮৫ জনকে আটক করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। আটকদের মধ্যে ২৬ জন নারী ও ৫৯ জন পুরুষ রয়েছেন। অভিযানে মদ, সিনথেটিক মাদক, সিসা ও বিয়ার উদ্ধার করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ। মঙ্গলবার ডিবির অতিরিক্ত কমিশনার শফিকুল ইসলাম এই অভিযান সম্পর্কে বিস্তারিত তথ্য জানান। ডিবির অতিরিক্ত কমিশনার শফিকুল ইসলাম জানান, বাড়িটিতে দীর্ঘদিন ধরে অবৈধ মাদক সেবন ও ডিজে পার্টির আসর বসে আসছিল। এই তথ্যের ভিত্তিতে সেখানে অভিযান চালানো হয়। অনলাইনে বাড়িটি ভাড়া দেওয়া হতো বলেও জানান তিনি। গত সোমবার রাতে শুরু হওয়া এই অভিযান মঙ্গলবার পর্যন্ত ● ২-এর পাতায় দেখুন

মুক্তিযোদ্ধা সংসদ চাঁদপুর জেলা ইউনিট কমান্ডের সার্বিক কার্যক্রমে বিভিন্ন অনিয়ম অভিযোগে সংবাদ সম্মেলনে জেলা ইউনিট কমান্ডের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা শহিদুল আলম রব।

মুক্তিযোদ্ধা সংসদ চাঁদপুর জেলা ইউনিটের আর্থিক ও প্রশাসনিক অনিয়মের অভিযোগ

স্টাফ রিপোর্টার

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ চাঁদপুর জেলা ইউনিট কমান্ডের সার্বিক কার্যক্রমে বিভিন্ন অনিয়ম, আর্থিক গরমিল, ক্ষমতার অপব্যবহার ও সাংগঠনিক নীতি-আদর্শ পরিপন্থী কর্মকাণ্ডের অভিযোগ উঠেছে।
চাঁদপুর প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে জেলা ইউনিট কমান্ডের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা শহিদুল আলম রব এসব তথ্য তুলে ধরেন।
সংবাদ সম্মেলনে জানানো হয়, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের নির্দেশনা অনুযায়ী মুক্তিযোদ্ধা সংসদের ব্যাংক হিসাব বাংলাদেশ কৃষি ব্যাংক চাঁদপুর শাখায় পরীক্ষা করে একাধিক আর্থিক গরমিল চিহ্নিত করা হয়েছে। ব্যাংক হিসাব স্টেটমেন্ট পর্যালোচনা করে দেখা গেছে, বিভিন্ন সময় কর্মচারীদের মাধ্যমে উত্তোলিত অর্থ এবং জেলা ও বিভিন্ন ● ২-এর পাতায় দেখুন

অবশেষে নামছে ইসির বোঝা ধ্বংস করা হচ্ছে ইভিএম

নিজস্ব প্রতিবেদক

অবশেষে ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) নামের ভোটযন্ত্রটির বোঝা নামাচ্ছে নির্বাচন কমিশন (ইসি)। কারণ নির্বাচনে যন্ত্রটি ব্যবহারের সিদ্ধান্ত থেকে সংস্থাটি সরে এলেও নানা জটিলতায় এটি ধ্বংস করার উপায় খুঁজে পাচ্ছিল না। তার ওপর গুনতে হচ্ছিল গুদাম ভাড়ার কোটি কোটি টাকা।
ইসি কর্মকর্তারা জানিয়েছেন, সম্প্রতি কমিশন বৈঠকে ভোটযন্ত্রটি ধ্বংস করার সিদ্ধান্ত হয়েছে। এ জন্য কমিটি গঠন করে দিয়েছে সংস্থাটি। মামলা সংক্রান্ত বিষয় বা আইনি জটিলতা আছে, এমন নির্বাচনে ব্যবহৃত মেশিনগুলো রেখে বাকিগুলো ধ্বংস করার জন্য সিদ্ধান্ত হয়েছে। জানা গেছে, বর্তমানে ইসির কাছে ১ লাখ ৪৮ হাজার ৪০১টি ইভিএম রয়েছে। ১ হাজার ৫৯৯টির মতো মেশিন খোয়া গেছে। অন্যগুলোর মধ্যে বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরির (বিএমটিএফ) কাছে রাখা মেশিনগুলোর জন্য ওয়্যারহাউজের ভাড়া ৭০ কোটি টাকা দাঁড়িয়েছে। মাঠপর্যায়ে বিভিন্ন গোডাউনে রাখা মেশিনগুলোর জন্য গুনতে হচ্ছে মাসে প্রায় ৩০ লাখ টাকা। বর্তমানে বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরিতে ৮৬ হাজার ২৩৩টি, সিলেট অঞ্চলে ২ হাজার ৬০৭টি, রাজশাহী অঞ্চলে ১৩ হাজার ৫৩০টি, রংপুর অঞ্চলে ৪ হাজার ৪০৫টি, ময়মনসিংহ অঞ্চলে ৬ হাজার ৪২৮টি, চট্টগ্রাম অঞ্চলে ৪ হাজার ১৩৫টি, খুলনা অঞ্চলে ৭ হাজার ১২টি, কুমিল্লা অঞ্চলে ৬ হাজার ৮৭৫টি, ফরিদপুর অঞ্চলে ৩ হাজার ৮৮৫টি, বরিশাল অঞ্চলে ৫ হাজার ৮৭টি এবং ঢাকা অঞ্চলে ৭ হাজার ৪২৯টি ইভিএম রয়েছে। এছাড়া নির্বাচন ভবনের বেজমেন্ট এবং দুটি উপজেলা নির্বাচন অফিসে আগুনে ১৫৭টি ইভিএম ক্ষতিগ্রস্ত হয়েছে। সব মিলিয়ে ইসির কাছে ১ লাখ ৪৮ হাজার ৪০১টি ইভিএম রয়েছে।
ইভিএম যেভাবে আসে বাংলাদেশে ● ২-এর পাতায় দেখুন

ইতিহাসে ২১ অক্টোবর

১২৯৬ সালে আলাউদ্দিন খিলজি দিল্লির সিংহাসনে আরোহণ করেন। ১৯৫০ সালে চীনা সেনারা তিব্বত দখল করে। ১৯৫৫ সালে পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগের চতুর্থ কাউন্সিলে দলের নাম থেকে 'মুসলিম' শব্দটি বাদ দেয়া হয়। ১৯৫৬ সালে কেনিয়ায় মাউ মাউ বিদ্রোহ পরাজিত হয়। ১৯৮৪ সালে বাংলাদেশে এসিড নিক্ষেপের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড নির্ধারণ করা হয়।

স্থান পরিবর্তন

পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।

নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।

নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট

মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

দৈনিক চাঁদপুর দিগন্ত

The Daily Chandpur Diganta — সত্য প্রকাশে অবিচল

বুধবার ২১ অক্টোবর ২০২৬, ৫ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ, ৯ জমাঃ আউয়াল ১৪৪৮ হিজরী

ইউপি নির্বাচন সামনে রেখে ভোটার স্থানান্তরের আবেদন নিষ্পত্তির শেষ সময় ৫ নভেম্বর

দিগন্ত ডেস্ক

আসন্ন ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচন সামনে রেখে ভোটার এলাকা পরিবর্তনের আবেদন আগামী ৫ নভেম্বরের (বৃহস্পতিবার) মধ্যে নিষ্পত্তি করতে দেশের সব উপজেলা নির্বাচন কর্মকর্তাকে নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। ভোটার তালিকা হালনাগাদের পর ২৫ নভেম্বর (বুধবার) চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে। চূড়ান্ত তালিকায় যাঁদের নাম থাকবে, তাঁরাই সংশ্লিষ্ট স্থানীয় সরকার নির্বাচনে ভোট দিতে পারবেন।

সোমবার (১৯ অক্টোবর) জারি করা এক নির্দেশনায় ইসি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলেছে। নির্দেশনা অনুযায়ী, স্থানীয় সরকার নির্বাচন উপলক্ষে ভোটার এলাকা পরিবর্তনের আবেদন করা যাবে ৩১ অক্টোবর (শনিবার) পর্যন্ত। এসব আবেদন নিষ্পত্তি করতে হবে ৫ নভেম্বরের মধ্যে।

ইসির নির্দেশনায় বলা হয়েছে, ২০০৮ সালের ৩১ অক্টোবর (শুক্রবার) বা এর আগে জন্ম নেওয়া ● ২-এর পাতায় দেখুন

অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ব্যবসাপ্রতিষ্ঠান পরিদর্শন করছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. নজরুল ইসলাম।

হাইমচরে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত দোকানিকে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন নির্বাহী কর্মকর্তা নজরুল ইসলাম

হাইমচর প্রতিনিধি

হাইমচর উপজেলার বাংলাবাজার এলাকায় বৈদ্যুতিক দুর্ঘটনাজনিত অগ্নিকাণ্ডে 'গাজী জেনারেল স্টোর' নামে একটি প্রতিষ্ঠান ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। মঙ্গলবার (২০ অক্টোবর) রাত আনুমানিক ৩টার দিকে এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।

অগ্নিকাণ্ডের খবর পেয়ে হাইমচর ফায়ার সার্ভিসের সদস্যরা দ্রুত ঘটনাস্থলে পৌছে আগুন নিয়ন্ত্রণে কাজ করেন। তাঁদের তৎপরতায় ক্ষয়ক্ষতির পরিমাণ কিছুটা কমানো সম্ভব হলেও প্রতিষ্ঠানটির স্বত্বাধিকারী মোঃ রুবেল হোসেনের জন্য এ ক্ষতি অপূরণীয় বলে মন্তব্য করেছেন ঘটনাস্থল পরিদর্শন করে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. নজরুল ইসলাম।

ঘটনাস্থল পরিদর্শনকালে ইউএনও ক্ষতিগ্রস্ত ব্যবসাপ্রতিষ্ঠানটির পরিস্থিতি পর্যবেক্ষণ করেন এবং ব্যবসায়ী মোঃ রুবেল হোসেনের খোঁজখবর নেন। এ সময় তিনি উপজেলা ● ২-এর পাতায় দেখুন

উজানী মাদরাসার সিনিয়র মুহাদ্দিস মাওলানা মিজানুর রহমানের দাফন সম্পন্ন

কচুয়া প্রতিনিধি

কচুয়ার ঐতিহ্যবাহী ইসলামিয়া ইব্রাহিমিয়া উজানী মাদরাসার সিনিয়র মুহাদ্দিস ও বিশিষ্ট আলেমে দ্বীন মাওলানা মিজানুর রহমান আর নেই (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। সোমবার (১৯ অক্টোবর) দুপুরে উজানী মাদরাসা প্রাঙ্গণে মরহুমের জানাজার নামাজ অনুষ্ঠিত হয়। জানাজায় হাজার হাজার আলেম-ওলামা, শিক্ষার্থী, ভক্ত ও স্থানীয় ধর্মপ্রাণ মুসল্লি অংশ নেন। এর আগে রোববার (১৮ অক্টোবর) রাতে নিজ বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন এই বরেণ্য আলেমে দ্বীন। মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই ছেলে ও তিন মেয়েসহ অসংখ্য ছাত্র, ভক্ত ও গুণগ্রাহী রেখে গেছেন। জানা গেছে, ইন্তেকালের দিন রাতে কচুয়া উপজেলার ধামালুয়া গ্রামে একটি ইসলামী মাহফিলে প্রধান বক্তা হিসেবে বয়ান করেন মাওলানা মিজানুর রহমান। মাহফিল শেষে বাড়ি ফিরে তিনি হঠাৎ অসুস্থ বোধ করেন এবং কিছুক্ষণের মধ্যেই শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তাঁর আকস্মিক মৃত্যুর সংবাদ ছড়িয়ে পড়লে দ্বীনি অঙ্গনসহ গোটা কচুয়া এলাকায় গভীর শোকের ছায়া নেমে আসে। সোমবার দুপুরে উজানী মাদরাসা ● ২-এর পাতায় দেখুন

জয়নব ভানুর বাড়িতে শাহরাস্তি উপজেলা নির্বাহী অফিসার মনিরা খাতুন।

শাহরাস্তিতে প্রশাসনের সহযোগিতায় ছেলের ঘরে ঠাঁই হলো বৃদ্ধা জয়নব ভানুর

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তিতে ৮৫ বছর বয়সী জয়নব ভানুর ৬ সন্তানের কারো ঘরে ঠাঁই না পাওয়ায় সংবাদ প্রকাশের পর মঙ্গলবার (২০ অক্টোবর) শাহরাস্তি উপজেলা নির্বাহী অফিসার মনিরা খাতুন জয়নব ভানুর বাড়িতে ছুটে যান। এসময় মেয়ে ঝর্ণা বেগমের বাড়িতে আশ্রয়ে থাকা জয়নব ভানুকে তার বাড়িতে নিয়ে আসা হয়। প্রায় দুই ঘন্টা যাবৎ পারিবারিক সমঝোতার মাধ্যমে সৌদি প্রবাসী সেজো ছেলে আনোয়ার হোসেনের বাসায় জয়নব ভানুকে তুলে দেওয়া হয়।

উপজেলা নির্বাহী অফিসার মনিরা খাতুন জানান, বিষয়টি খুব দুঃখজনক জয়নব ভানুর ৬ ছেলের প্রত্যেকের পাকা বিল্ডিং রয়েছে কিন্তু কারো বাসায় মায়ের জন্য একটি রুম নেই।

তিনি জানান, জয়নব ভানুকে সেজো ছেলের বাসায় তুলে দেওয়া হয়েছে আমরা মনিটরিংয়ে থাকবো, দু'মাস পর আমি আবার ঐ বাড়িতে গিয়ে খবর নিবো। তিনি ইউনিয়ন চেয়ারম্যান ও মেম্বারের ● ২-এর পাতায় দেখুন

গণসংযোগ করছেন ২নং উত্তর আলগী ইউনিয়ন পরিষদের সম্ভাব্য চেয়ারম্যান পদপ্রার্থী ইব্রাহিম খলিল শামিম।

বাবার সততা ও ঐতিহ্যকে ধারণ করে
২নং উত্তর আলগী ইউনিয়নবাসীর সেবা অঙ্গীকার চেয়ারম্যান প্রার্থী শামীমের

হাইমচর প্রতিনিধি

আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন সামনে রেখে হাইমচর উপজেলার ২নং উত্তর আলগী ইউনিয়ন পরিষদের সম্ভাব্য চেয়ারম্যান পদপ্রার্থী ইব্রাহিম খলিল শামিম গণসংযোগ করছেন। তিনি ইউনিয়ন পরিষদের সাবেক সফল চেয়ারম্যান মরহুম আব্দুর রহমানের ছেলে।

গণসংযোগকালে ইব্রাহিম খলিল শামিম তাঁর বাবা মরহুম আব্দুর রহমানের সততা, আদর্শ ও ঐতিহ্যের কথা তুলে ধরেন। বাবার রেখে যাওয়া সুনাম ও মানুষের ভালোবাসাকে ধারণ করে আগামী দিনে ইউনিয়নবাসীর পাশে থেকে জনসেবা করার প্রত্যয় ব্যক্ত করেন তিনি। এ সময় তিনি এলাকার মানুষের সঙ্গে মতবিনিময় করেন এবং আগামী দিনে ইউনিয়ন পরিষদের মাধ্যমে সাধারণ মানুষের সেবা করার জন্য তাঁদের দোয়া ও সমর্থন কামনা করেন।

ইব্রাহিম খলিল শামিম বলেন, তাঁর বাবার সততা ও আদর্শকে ধারণ করে তিনি মানুষের কল্যাণে কাজ করতে চান। ইউনিয়নবাসীর ভালোবাসা, দোয়া ও সমর্থন পেলে তাঁদের পাশে থেকে সেবামূলক ● ৩-এর পাতায় দেখুন

দৈনিক ইত্তেফাকের ফরিদগঞ্জ প্রতিনিধি মহিউদ্দিনের ওপর হামলা

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জ বাজারে দৈনিক ইত্তেফাকের প্রতিনিধি সাংবাদিক মহিউদ্দিনের ওপর হামলার ঘটনা ঘটেছে। এতে তিনি রক্তাক্ত জখম হয়েছেন। মঙ্গলবার (২০ অক্টোবর) সকাল আনুমানিক সাড়ে ৮টায় ফরিদগঞ্জ বাজার কেন্দ্রীয় জামে মসজিদের সামনে এ ঘটনা ঘটে।

জানা যায়, হামলার পর সাংবাদিক মহিউদ্দিনকে প্রায় এক ঘণ্টা অবরুদ্ধ করে রাখা হয়। পরে স্থানীয়দের সহযোগিতায় সহকর্মী সাংবাদিকরা তাঁকে উদ্ধার করে চিকিৎসার জন্য হাসপাতালে নিয়ে যান। ফরিদগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. এরশাদ উল্যাহ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। ঘটনার খবর পাওয়ার সঙ্গে সঙ্গেই থানা পুলিশের সদস্যরা ঘটনাস্থল পরিদর্শন করেন। আহত সাংবাদিক মহিউদ্দিন অভিযোগ করে জানান, ফরিদগঞ্জ পৌর ছাত্রদলের সাবেক সভাপতি কামরুল পাটোয়ারীসহ কয়েকজন ব্যক্তি তাঁর ওপর একাধিকবার হামলা চালিয়েছেন। তবে এ অভিযোগের বিষয়ে অভিযুক্তদের বক্তব্য তাৎক্ষণিকভাবে পাওয়া যায়নি। সাংবাদিকের ওপর হামলা ও তাঁকে দীর্ঘসময় অবরুদ্ধ করে রাখার ঘটনায় স্থানীয় সাংবাদিকদের মধ্যে উদ্বেগের সৃষ্টি হয়েছে। এ ঘটনার সুষ্ঠু তদন্ত করে জড়িত ● ৩-এর পাতায় দেখুন

হাজীগঞ্জের ৯নং গন্ধর্ব্যপুর উত্তর ইউনিয়ন বিএনপির পূর্ণাঙ্গ কমিটি প্রকাশ

নিজস্ব প্রতিনিধি

হাজীগঞ্জ উপজেলার ৯নং গন্ধর্ব্যপুর উত্তর ইউনিয়ন বিএনপির পূর্ণাঙ্গ কমিটি প্রকাশ করা হয়েছে। কমিটিতে সভাপতি অধ্যাপক মো. আবদুল কুদ্দুছ এবং সাধারণ সম্পাদক মো. সুলতান মাহমুদ। প্রকাশিত কমিটির তালিকা অনুযায়ী, সিনিয়র সহসভাপতি হিসেবে রয়েছেন মো. আলী আকবর শেখ। সহসভাপতি পদে রয়েছেন মো. ইব্রাহিম খলিল, মো. বশির উল্লাহ, মো. আমির হোসেন, মো. নাজির আহমেদ, ● ৩-এর পাতায় দেখুন

শারদীয় দুর্গাপূজায় অ্যালকোহলের অপব্যবহারে
চাঁদপুরে সকল হোমিওপ্যাথিক দোকান ২ দিন বন্ধ রাখার নির্দেশ জেলা প্রশাসকের

ইউসুফ বেপারী

শারদীয় দুর্গাপূজার মহানবমী ও বিজয়া দশমী উপলক্ষে আইনশৃঙ্খলা রক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করতে চাঁদপুরের সকল হোমিওপ্যাথিক দোকান ২ দিন বন্ধ রাখার নির্দেশ দেয়া হয়েছে। জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান সকালে জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারকে (ইউএনও) এ বিষয়ে প্রয়োজনীয় তদারকির নির্দেশ দেন। বিজ্ঞপ্তিতে জানানো হয়, বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেটের নির্দেশক্রমে ইউএনওগণের অবগতির জন্য জানানো হয়। মহানবমী ও বিজয়া দশমীতে ২ দিন ● ৩-এর পাতায় দেখুন

হাজীগঞ্জের রাজাপুরা আলিম মাদরাসার অ্যাডহক কমিটি গঠন

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জ উপজেলার ৮নং হাটিলা পূর্ব ইউনিয়নের ঐতিহ্যবাহী রাজাপুরা ইসলামিয়া আলিম মাদরাসার অ্যাডহক কমিটির সভাপতি হিসেবে মনোনীত হয়েছেন মেহেদী হাসান। শিক্ষাপ্রতিষ্ঠান দুটির শিক্ষা কার্যক্রমের উন্নয়ন, শিক্ষার মানোন্নয়ন এবং শিক্ষার্থীদের জন্য সুন্দর ও মানসম্মত শিক্ষার পরিবেশ নিশ্চিত করতে কাজ করার প্রত্যাশা ব্যক্ত করেছেন তিনি। মেহেদী হাসান বলেন-শিক্ষাপ্রতিষ্ঠানের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করা আমার জন্য সম্মান ও দায়িত্বের বিষয়। শিক্ষার ● ৩-এর পাতায় দেখুন

গনি-আয়েশা ফাউন্ডেশনের উদ্যোগে চিকিৎসা সহায়তা প্রদান করছেন নেতৃবৃন্দ।

চাঁদপুরে গনি-আয়েশা ফাউন্ডেশনের চিকিৎসা সহায়তা প্রদান

স্টাফ রিপোর্টার

চাঁদপুর প্রেসক্লাবের অফিস সহায়ক শফিকুল ইসলামের গুরুতর অসুস্থতার খবর পেয়ে তাঁর চিকিৎসার জন্য আর্থিক সহায়তা দিয়েছে গনি-আয়েশা ফাউন্ডেশন।

মঙ্গলবার (২০ অক্টোবর) দুপুরে চাঁদপুর প্রেসক্লাবের সভাপতির কক্ষে ফাউন্ডেশনের পক্ষ থেকে শফিকুল ইসলামের চিকিৎসা ব্যয় নির্বাহে এই আর্থিক সহায়তা প্রদান করা হয়। এসময় উপস্থিত ছিলেন, চাঁদপুর প্রেসক্লাবের সভাপতি সোহেল রুশদী, ● ৩-এর পাতায় দেখুন

কচুয়ায় নব মুসলিম রিয়াকে নির্যাতনের অভিযোগ

কচুয়া প্রতিনিধি

কচুয়ায় নব মুসলিম রিয়া।

কচুয়ায় রিয়া নামে এক তরুণী মুসলিম ধর্ম গ্রহণ করে বিয়ে করায় মানসিক ও শারীরিক নির্যাতনের অভিযোগ উঠেছে। উপজেলার কাদলা ইউনিয়নের মনপুরা উত্তর পূর্ব পাড়ায় এ ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা গেছে, রিয়া নিজ ধর্ম ত্যাগ করে ভালোবাসার টানে গত ৭ মাস পূর্বে ওই গ্রামের আব্দুল্লাহর ছেলে রাব্বিকে বিয়ে করেন। বিয়ের পর থেকে শুরু হয় রিয়ার উপর শারীরিক নির্যাতন ও অত্যাচার। জীবিকার টানে স্বামী প্রবাসে গেলে রিয়ার উপর পাষন্ড শাশুড়ি ও চাচা শ্বশুর হাফেজ আল আমিন মিলে অমানবিক নির্যাতনের মাধ্যমে রিয়া তার স্বামীকে ডিভোর্স দিতে বাধ্য করায়।

গত ১৬ অক্টোবর শনিবার সন্ধ্যায় স্থানীয় এক যুবদলের নেতার বাড়িতে নিয়ে জোরপূর্বক ভাবে ডিভোর্সের কথা বলে সাদা স্ট্যাম্পে স্বাক্ষর নেয় গ্রামের কিছু সালিশরা। স্ট্যাম্পের স্বাক্ষর নেওয়ার সময় একটি ভিডিও ধারণ করা হয়। ওই ভিডিওটি ফেসবুক ও সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হলে স্থানীয়দের মাঝে চরম উত্তেজনা ও ● ৩-এর পাতায় দেখুন

অভিন্ন প্রশ্নে এইচএসসি ও আলিম পরীক্ষা, নতুন পাঠ্যসূচি প্রকাশ

দিগন্ত ডেস্ক

এইচএসসি ও আলিম পরীক্ষায় অভিন্ন প্রশ্নপত্র প্রণয়নের জন্য সাধারণ শিক্ষাধারার এইচএসসি'র বিষয় কোডের সঙ্গে মাদ্রাসা শিক্ষাধারার আলিম স্তরের বিষয় কোড সমন্বয় করা হয়েছে। মাদ্রাসার আলিম শিক্ষাবর্ষ ২০২৬-২০২৭ শিক্ষার্থীদের জন্য এ বিষয় কোড ব্যবহার করতে হবে। এ লক্ষ্যে আলিম পরীক্ষা ২০২৭ এ অংশগ্রহণকারী নিয়মিত পরীক্ষার্থীদের জন্য নির্ধারিত বিষয় কাঠামো, বিষয় কোড, বিষয়ভিত্তিক প্রশ্নের ধারা ও নম্বরবণ্টনসহ পূর্ণাঙ্গ পাঠ্যসূচি প্রকাশ করা হয়েছে।

সোমবার (১৯ অক্টোবর) মাদ্রাসা শিক্ষা বোর্ডের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা যায়। এ বিষয়ে বব্যস্থা নিতে সংশ্লিষ্টদের জানানো হয়েছে। এতে বলা হয়েছে, এইচএসসি ও আলিম পরীক্ষায় অভিন্ন প্রশ্নপত্র প্রণয়নের জন্য সাধারণ শিক্ষাধারার এইচএসসি-এর বিষয় কোডের সঙ্গে মাদ্রাসা শিক্ষাধারার বিষয় কোড সমন্বয় করে আলিম শ্রেণির বিষয় কোডগুলো পুনঃনির্ধারণ করা হয়েছে। আলিম স্তরের বিষয়গুলোর পুরাতন কোড ও নতুন কোড ● ৩-এর পাতায় দেখুন

উপদেষ্টা সম্পাদক ঃ অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান, সম্পাদক ও প্রকাশক ঃ এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া, নির্বাহী সম্পাদক ঃ মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী, যুগ্ম সম্পাদক : আব্দুস শুকুর মস্তান, ব্যবস্থাপনা সম্পাদক ঃ এ্যাডভোকেট শাহজাহান খান, যুগ্ম বার্তা সম্পাদক ঃ আদনান আল মুরাদ, মফস্বল সম্পাদক ঃ এম এ গফ্ফুর, বিশেষ প্রতিনিধি ঃ আবু সুফিয়ান ভুইয়া, আইটি ইনচার্জ ঃ জি এম এমরান হোসেন সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত, সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক চাঁদপুর দিগন্ত
বুধবার ॥ ২১ অক্টোবর ২০২৬

সম্পাদকীয়

কক্সবাজারে অবৈধ রিসোর্ট প্রশাসনের কঠোর তদারকি ও হস্তক্ষেপ জরুরি

১০ অক্টোবর সকালে কক্সবাজারের উখিয়ায় পাটুয়ারটেক সৈকতের টুপটুপ রিসোর্টে অগ্নিকাণ্ডে ১০ জন পর্যটক নিহত হয়েছেন। স্বজন-পরিজন হারিয়ে দিশাহারা ভুক্তভোগীদের পরিবার, মরদেহের অপেক্ষায় এখনো দিন গুনছেন স্বজনেরা। এই অগ্নিকাণ্ড ও মর্মান্তিক মৃত্যুকে কেবল দুর্ঘটনা হিসেবে নয়, বরং প্রশাসনিক অবহেলা ও দীর্ঘদিনের অনিয়মের এক চরম পরিণতি হিসেবে দেখতে হবে। এটা মোটেও আকস্মিক নয়, কেননা ঘটনার পর জানা গেছে পরিবেশ অধিদপ্তর, কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ (কউক) এবং ফায়ার সার্ভিস–তিনটি সংস্থাই ঝুঁকিপূর্ণ চিহ্নিত করে সতর্ক করেছিল রিসোর্টটিকে। তবু সব নিয়মকানুন উপেক্ষা করেই ব্যবসা চালিয়ে যাচ্ছিল তারা। তদারকির চরম ঘাটতি এবং সংশ্লিষ্ট দপ্তরগুলোর নীরবতার মূল্য দিতে হলো ১০টি তাজা প্রাণ দিয়ে।

কেবল যে টুপটুপ রিসোর্টই যাবতীয় নিয়মকানুনকে বুড়ো আঙুল দেখিয়ে পর্যটন নগরী কক্সবাজারে ব্যবসা চালিয়ে আসছিল, তা নয়। প্রথম আলোর সাম্প্রতিক প্রতিবেদনে রীতিমতো ভীতিকর চিত্র উঠে এসেছে। গত ২৫ বছরে হোটেল-রিসোর্টের সংখ্যা হু হু করে বৃদ্ধি পেলেও নিরাপত্তা ও বৈধতার সুনির্দিষ্ট কোনো তথ্য কারও কাছে নেই। জেলায় অগ্নিনিরাপত্তা সনদ রয়েছে মাত্র ১১৫টি প্রতিষ্ঠানের এবং পরিবেশগত ছাড়পত্র আছে মাত্র ৪৪টির। এর বাইরে ঠিক কত প্রতিষ্ঠান এসব ছাড়া চলছে, তার কোনো সুনির্দিষ্ট তালিকা পর্যন্ত কোনো সরকারি দপ্তরের কাছে নেই।

ক্ষমতা নয়, আখেরাতমুখী

তৃণমূল পর্যায়ের নেতাকর্মীদের মানুষের প্রত্যাশা ও সংকটের প্রতি দায়বদ্ধ থাকতে হবে। মানুষের বিপদে-আপদে সামর্থ্য অনুযায়ী সহযোগিতা নিয়ে পাশে দাঁড়াতে হবে। শুধু সাংগঠনিক কার্যক্রমের মধ্যে সীমাবদ্ধ না থেকে জনকল্যাণমূলক কাজে সক্রিয় ভূমিকা রাখতে হবে।

তিনি আরও বলেন, সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করা জরুরি। কোনো তথ্য প্রচারের আগে তা যথাযথভাবে সংগ্রহ ও যাচাই-বাছাই করতে হবে। একই সঙ্গে সংগঠনের জনশক্তিকে আরও সুসংগঠিত ও কার্যকরভাবে গড়ে তোলার ওপর গুরুত্ব দেন তিনি।

চাঁদপুর জেলা জামায়াতের আমির মাওলানা বিল্লাল হোসাইন মিয়াজীর পরিচালনায় এবং জেলা নায়েবে আমির অ্যাডভোকেট মাসুদুল ইসলাম বুলবুলের ব্যবস্থাপনায় প্রশিক্ষণ ক্যাম্পটি অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন- ঢাকা-৫ (যাত্রাবাড়ী-ডেমরা) আসনের সংসদ সদস্য মো. কামাল হোসেন, নড়াইল-২ আসনের সংসদ সদস্য মো. আতাউর রহমান বাচ্চু, ফেনী জেলা জামায়াতের আমির আবদুল হান্নান এবং ব্রাহ্মণবাড়িয়া জেলা জামায়াতের আমির মোবারক হোসাইন।

এ সময় উপস্থিত ছিলেন চাঁদপুর জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি অধ্যাপক আবুল হোসাইন, জাহাঙ্গীর আলম প্রধান, অধ্যক্ষ হারুনুর রশীদ ওসমানী, জেলা কর্মপরিষদ সদস্য মুহাদ্দিস আবু নছর আশরাফী ও মোহাম্মদ হোসেন বিএসসি, চাঁদপুর শহর জামায়াতের আমির অ্যাডভোকেট শাহজাহান খান এবং চাঁদপুর সদর উপজেলা জামায়াতের আমির মাওলানা আফসার উদ্দিন মিয়াজীসহ সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

শাহরাস্তিতে নিষিদ্ধ ছাত্রলীগের

মিছিলের ভিডিওটি পোস্ট করেন সুজন।

ভিডিওটি প্রকাশের পর আওয়ামী লীগ ও ছাত্রলীগের কয়েকজন নেতাকর্মী সুজনকে স্বাগত জানিয়ে সেটি শেয়ার করেন। এ নিয়ে স্থানীয় রাজনৈতিক মহলে আলোচনা শুরু হয়।

এ বিষয়ে শাহরাস্তি উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সেলিম পাটোয়ারী লিটন জানান, লাকসাম, মনোহরগঞ্জ ও শাহরাস্তি উপজেলার সীমান্তবর্তী এলাকায় সকালে মিছিলটি অনুষ্ঠিত হয়েছে। এ ঘটনায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য তিনি বলেছেন।

শাহরাস্তি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মীর মাহবুবুর রহমান জানান, মিছিলের ভিডিওর লিংক তিনি পেয়েছেন। তাঁর ধারণা, মিছিলটি আগে অনুষ্ঠিত হয়েছে, মঙ্গলবার শুধু ভিডিওটি সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করা হয়েছে। শাহরাস্তি উপজেলার রায়শ্রী উত্তর ইউনিয়নের সীমান্তবর্তী চন্ডিপুর এলাকায় মিছিলটি হয়ে থাকতে পারে বলেও জানান তিনি।

ওসি আরও বলেন, দুর্গাপূজার নিরাপত্তায় পুলিশ ব্যস্ত থাকার সুযোগ নিয়ে মিছিলটি করা হয়ে থাকতে পারে বলে ধারণা করা হচ্ছে। তবে বিষয়টি বিস্তারিত খতিয়ে দেখে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংগ্রহের পর আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

হাজীগঞ্জের অলিপুর

কালচোঁ দক্ষিণ ইউনিয়নের সাথে ছিলেন। এতে করে তিনটি বা চারটি ওয়ার্ডে নিয়ম বরাদ্ধ পেতেন। এখন সমতার ভিত্তিতে প্রতিটি নাগরিক সুবিধা পাবে। সবাই সমান ভাবে দলমত নির্বিশেষে সুযোগ সুবিধা ভোগ করবে। অথচ আওয়ামী শাসনামলে বিএনপির নেতাকর্মীরা গাছতলে ও মাঠে-ঘাটে ঘুমিয়েছে। কিন্তু আওয়ামী লীগের নেতাকর্মীরা নিজ ঘরে শান্তিতে ঘুমায়। এখানেই আওয়ামী লীগ ও বিএনপির মধ্যে পার্থক্য।

ইউনিয়ন যুবদলের সভাপতি মিলন হোসেন নিরবের উপস্থাপনায় সংবর্ধনা অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, উপজেলা বিএনপির সদস্য সচিব এমএ রহিম পাটওয়ারী, ইউনিয়নের পক্ষে বিএনপি নেতা ফজলুল হক মজুমদার, যুবদল নেতা মামুনুর রহমান মজুমদার, স্বেচ্ছাসেবক নেতা শাহজালাল রাসেল, ছাত্রদল নেতা সজিব হোসেন ও মহিলা নেত্রী তানিয়া আক্তার। এছাড়া রাখেন, ইউনিয়নের বিভিন্ন শ্রেণি লোকজন।

সংবর্ধনা অনুষ্ঠানে অতিথি হিসেবে উপজেলা বিএনপির আহবায়ক মনিরুজ্জামান মনির, বিএনপি নেতা আবু সুফিয়ান রানা, শরীফ আহমেদ, পৌর বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক সরোয়ার হোসেন ভুলু মুন্সী, ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান, মিজানুর রহমান মিলন, গোলাম মোস্তফা স্বপন, সাবেক চেয়ারম্যান ইমাম হোসেন লিটন, উপজেলা যুবদলের আহ্বায়ক হুমায়ুন কবির সুমন, সদস্য সচিব মোস্তফা কামাল সুমন উপস্থিত ছিলেন।

এছাড়া অতিথি হিসেবে স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক বিল্লাল হোসাইন বেলাল সদস্য, সচিব সাইফুল ইসলাম চৌধুরী মিঠু, পৌর যুবদলের আহ্বায়ক মারুফ খান রাসেল, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক ফয়সাল হোসাইন, পৌর ছাত্র দলের আহ্বায়ক দ্বীন ইসলাম টগর, ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি লিটন পাটোয়ারীসহ বিভিন্ন শ্রেণীর নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

দেশে অ্যানথ্রাক্স ছড়িয়ে

২০২২ সালে পরীক্ষায় শনাক্ত ৬২টি নমুনার ৬১টিই গাংনী থেকে এবং একটি সিরাজগঞ্জের কামারখন্দ থেকে ছিরো। আর ২০২৩ সালে পরীক্ষিত নমুনার মধ্যে ৭৮টি পজিটিভ হয় এবং সবগুলোই গাংনী উপজেলার। সিরাজগঞ্জের কামারখন্দে ২০২২ সালে একটি পরীক্ষায় অ্যানথ্রাক্স শনাক্ত হয়েছিল। ২০২৫ সালে কুষ্টিয়ার দৌলতপুরে রুগ্ন গরুর মাংসের সংস্পর্শে আসা অন্তত ১৫ জনের অ্যানথ্রাক্সে আক্রান্ত হওয়ার খবর পাওয়া যায়। মেহেরপুর ও কুষ্টিয়ার পাশাপাশি সাতক্ষীরাতেও অ্যানথ্রাক্স শনাক্ত হয়েছে। ২০২৫ সালে রংপুরের পীরগাছা, মিঠাপুকুর ও কাউনিয়ায় অ্যানথ্রাক্সের রোগী শনাক্তের খবর আসে। ২০২৫ সালে গাইবান্ধার সুন্দরগঞ্জে অসুস্থ গরু জবাইয়ের পর মানুষের মধ্যে অ্যানথ্রাক্সের উপসর্গ দেখা দেয়। তাছাড়া ২০০৯ থেকে ২০১২ সালের মধ্যে রংপুর, নীলফামারী, লালমনিরহাট ও গাইবান্ধায় ধারাবাহিকভাবে অ্যানথ্রাক্সের প্রাদুর্ভাব দেখা দিয়েছিল।

সূত্র জানায়, দেশের বিভিন্ন জেলায় অ্যানথ্রাক্স ছড়িয়ে পড়ায় প্রাণিসম্পদ দপ্তর ও স্বাস্থ্য বিভাগের টনক নড়েছে। কারণ ইতিমধ্যে রংপুরের পীরগাছা, মিঠাপুকুর ও গাইবান্ধার সুন্দরগঞ্জে অ্যানথ্রাক্স শনাক্ত হয়েছে। মেহেরপুরের গাংনী উপজেলায় আশঙ্কাজনকভাবে ছড়িয়ে পড়ছে অ্যানথ্রাক্স। চলতি বছরের গত ৯ মাসে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রায় ৩২৬ জন অ্যানথ্রাক্সে আক্রান্ত হয়ে চিকিৎসা নিয়েছে। আক্রান্ত গবাদিপশু জবাই ও মাংস কাটাকাটির সময় মানুষের শরীরে এ রোগ ছড়িয়ে থাকতে পারে। গাংনী উপজেলায় আগস্ট মাসে ৩৮ জন অ্যানথ্রাক্সে আক্রান্ত শনাক্ত হয়েছে। আর সেপ্টেম্বরে শনাক্ত হয়েছে ১৮ জন। আক্রান্তরা মূলত রুগ্ন ছাগলের মাংস কাটাকাটি বা নাড়াচাড়ার কারণে সংক্রমিত হয়েছে। তবে তাদের কেউ হাসপাতালে ভর্তি হয়নি। তাছাড়া গাইবান্ধার সুন্দরগঞ্জে ৩ জনের শরীরে অ্যানথ্রাক্স শনাক্ত হয়েছে। ওই উপজেলায় অ্যানথ্রাক্সে আক্রান্ত রোগীর সংখ্যা বেড়ে ৩৪ জনে দাঁড়িয়েছে। তাছাড়া রংপুর জেলার পীরগাছা উপজেলায় এবং দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলায় অ্যানথ্রাক্সে আক্রান্ত হওয়ার খবর পাওয়া গেছে। আর দুই মাস আগে কুষ্টিয়ার দৌলতপুর উপজেলায় অ্যানথ্রাক্স দেখা দিয়েছিল।

সূত্র আরো জানায়, অ্যানথ্রাক্স তিন ধরনের হয়ে থাকে। তবে এদেশে কিউটেনিয়াস অ্যানথ্রাক্স হচ্ছে। কিন্তু কার্যকর প্রতিরোধব্যবস্থা না থাকায় দ্রুত ছড়িয়ে পড়ছে ওই। তবে অ্যানথ্রাক্স প্রতিরোধে প্রাণিসম্পদ বিভাগ কাজ করছে। অ্যানথ্রাক্স আক্রান্ত বা সন্দেহজনক গবাদিপশু জবাই না করে দ্রুত সংশ্লিষ্ট প্রাণিসম্পদ কর্মকর্তাদের জানানো এবং আক্রান্ত পশুর মাংস স্পর্শ ও নাড়াচাড়া থেকে বিরত থাকার আহ্বান জানানো হয়েছে। কুষ্টিয়ায় জেলায় সারা বছরই এ রোগে আক্রান্ত দুই-একজন রোগী হাসপাতাল বা উপজেলা স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসা গ্রহণ করে থাকেন। তবে অ্যানথ্রাক্স প্রতিরোধে গরু, ছাগল, মহিষ, ভেড়া, ঘোড়াসহ ঝুঁকিপূর্ণ প্রাণীগুলোকে নিয়মিত টিকাদানের আওতায় আনা জরুরি। নিয়মিত টিকাদান নিশ্চিত করা যেমন সরকার এবং পশুর মালিকদের দায়িত্ব রয়েছে। পাশাপাশি আক্রান্ত পশুকে হাটবাজার বা অন্য কোথাও নেয়া যাবে না। এমনকি কোনো পশু অ্যানথ্রাক্সে আক্রান্ত হয়ে মারা গেলে নির্ধারিত নিয়মে মাটির নিচে পুঁতে ফেলতে হবে। অ্যানথ্রাক্সের জীবাণু মাটিতে দীর্ঘ সময় টিকে থাকতে পারে। ফলে কোনো এলাকায় একবার সংক্রমণ দেখা দিলে পরবর্তী সময়েও সেখানে আবার সংক্রমণের ঘটনা ঘটতে পারে। উত্তরাঞ্চলে অ্যানথ্রাক্সের প্রকোপ তুলনামূলক বেশি দেখা যায় এবং এবার রংপুর জোনেও সংক্রমণ শনাক্ত হচ্ছে।

এদিকে এ ব্যাপারে সরকারের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠানের (আইইডিসিআর) পরিচালক অধ্যাপক ডা. কাজী আহমেদ জাকী জানান, অ্যানথ্রাক্সের সংক্রমণ শনাক্তে শুধু পাঁচ জেলা নয়, দেশের সব জেলাতেই সার্ভিলেন্স কার্যক্রম চালু রয়েছে। কোনো এলাকায় প্রাদুর্ভাব দেখা দিলে আইইডিসিআরের টিম সেখানে গিয়ে আক্রান্তের সংখ্যা, সংক্রমণের ধরন ও করণীয় বিষয়ে পরিস্থিতি যাচাই করে। বর্তমানে গাইবান্ধার সুন্দরগঞ্জেও আইইডিসিআরের একটি দল কাজ করছে।

নাটোরে বাস-ট্রাকের সংঘর্ষে নিহত

তালুকদার দুলু। মঙ্গলবার (২০ অক্টোবর) ভোর ৪টার দিকে নাটোর-পাবনা মহাসড়কের বনপাড়া পুলিশ তদন্ত কেন্দ্র এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

রিপোর্ট লেখা পর্যন্ত নিহতদের মধ্যে ১০জনের পরিচয় জানা গেছে।

নিহতরা হলেন, শরীয়পুর জেলার জাজিরা উপজেলার কাজিরহাট গ্রামের ইউনুস আলীর ছেলে সোহাগ হোসেন (৩০), বড় কান্দি গ্রামের জহুর উদ্দিনের ছেলে জুয়েল রানা (৪০), ডুবি সাহেবের গ্রামের জাহান উদ্দিন মোল্লার শালাল মোল্লা (৪৫), কাজির হাট গ্রামের শাহিন হোসেন (২৫), রাজাশাহী জেলার গোদাগাড়ী উপজেলার ফরহাদপুর গ্রামের আব্দুল হাকিমের ছেলে ও বাসটির চালক সোহেল রানা (৪০), বাগমারা উপজেলার কনোপাড়া গ্রামে বাবর আলীর ছেলে আনোয়ার হক (৩০), পটুয়াখালি জেলার মির্জাগঞ্জ উপজেলার সুবিদখালি গ্রামের শহিদুল ইসলাম(৪৫) ও তার মেয়ে তাছফিয়া খাতুন (৮), শরিয়তপুর জাজিরা এলাকার আরোব আরী ফকিরের ছেলে সামাদ ফকির(৭০), ফরিদপুর জেলার বাকুন্দা এলাকার অমুল্য চন্দ্রের ছেলে হিমেস(২৮), বনপাড়া হাইওয়ে থানার এসআই আলমগীর হোসেন বলেন, নাটোর থেকে বালুবোঝাই একটি ট্রাকের সঙ্গে বরিশাল থেকে চাঁপাইনাবগঞ্জগামী যাত্রীবাহী বাস আরপি স্পেশালের মুখোমুখি সংঘর্ষে ঘটনাস্থলেই ১০ জন নিহত হয়।

পরে আহতদের উদ্ধার করে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালসহ বিভিন্ন হাসপাতালে নেওয়া হলে সেখানে আরো ৪ জন মারা যান। নিহতের সংখ্যা আরও বাড়তে বলে জানান তিনি।

নাটোর ফায়ার সার্ভিসের উপ-পরিচালক আক্তার হামিদ জানান, খবর পাওয়ার পরপরই ফায়ার সার্ভিসের উদ্ধারকারী দল দ্রুত ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার অভিযান শুরু করে। স্থানীয় বাসিন্দাদের সহায়তায় আহতদের উদ্ধার করে নাটোরের স্থানীয় হাসপাতাল ও রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে (রামেক) পাঠানোর ব্যবস্থা করা হচ্ছে।

ফায়ার সার্ভিস সূত্রে জানা গেছে, সংঘর্ষে বাসটি দুমড়ে-মুচড়ে যায়। দুর্ঘটনাকবলিত বাসের ভেতরে অনেক যাত্রী আটকে পড়ায় উদ্ধারকাজ চালাতে ফায়ার সার্ভিস কর্মীদের কিছুটা বেগ পেতে হচ্ছে। কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় নিহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

বাসের আহত যাত্রী চাঁপাইনবাবগঞ্জের গোমস্তাপুর এলাকার রমজান আলী জানান, ট্রাকটি তার সঠিক লেনেই ছিল। বাসের চালক উল্টা লেনে গিয়ে ট্রাকের সামনে মেরে দিয়েছে। সম্ভবত আমদের বাসের চালক ঘুমিয়ে গিয়েছিল।

এদিকে সড়ক দুর্ঘটনা এবং দুর্ঘটনাকবলিত যান দুটি রাস্তার ওপর থাকায় নাটোর-পাবনা মহাসড়কে সাময়িকভাবে যান চলাচল ব্যাহত হয়। পরবর্তীতে উদ্ধারকারী দল ও স্থানীয়দের প্রচেষ্টায় সড়ক পরিস্থিতি স্বাভাবিক করার কাজ শুরু হয়।

এদিকে দুর্ঘটনার খবর পেয়ে তৎক্ষণাৎ ঘটনাস্থলে ছুটে যান জাতীয় সংসদের হুইপ এডভোকেট এম রুহুল কুদ্দুস তালুকদার দুলু, নাটোরের জেলা প্রশাসক সুমনী আক্তার, পুলিশ সুপার মোহাম্মদ শরীফুল হক, পরাজিত সংসদ সদস্য প্রার্থী জামায়াত নেতা আব্দুল হাকিম সহ রাজনৈতিক নেতৃবৃন্দ ও সরকারি কর্মকর্তা বৃন্দ।

এ সময় রুহুল কুদ্দুস তালুকদার দুলু বলেন, জনগুরুত্বপূর্ণ হলেও মহাসড়কটি সরু ও ব্যস্ততম হওয়ায় নিয়মিত দূর্ঘটনা ঘটছে। অকালে ঝরে যাচ্ছে অনেক তাজা প্রাণ আহত হয়ে পঙ্গুত্ব বরণ করছেন অনেকেই। তাই রাস্তাটি ফোরলেন বা সিক্স লেন করতে সরকারি উদ্যোগ নেয়ার ব্যাপারে যোগাযোগ মন্ত্রীর সাথে যোগাযোগ করে ব্যবস্থা গ্রহণের চেষ্টা করা হবে।

জেলা প্রশাসক সুমনী আক্তার বলেন, আমরা এরই মধ্যে নিহতদের ও আহতদের উদ্ধারকাজ সম্পন্ন করে আহতদের চিকিৎসা নিশ্চিত করা হয়েছে। নিহতদের আর্থিক সহায়তা প্রদানসহ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আবুল হায়াত কে প্রধান করে ৭ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

পুলিশ সুপার শরীফুল হক বলেন, ইতিমধ্যে ১০ জনের পরিচয় সনাক্ত করা হয়েছে বাকিদের পরিচয় নির্ণয় করতে চেষ্টা চালিয়ে যাচ্ছে পুলিশ।

উল্লেখ্য এর আগে ২০১৪ সালের ২০ অক্টোবর একই উপজেলার রেজুর মোড় এলাকায় মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় নিহত হন ৩৮ জন।

মিষ্টি, দধি সহ যাবতীয় মিষ্টান্ন দ্রব্যের
অপ্রতিদ্বন্দ্বি অভিজাত মিষ্টি বিপণী
ওয়ান মিনিট
চপ, কাটলেট, মোগলাই, বিরিয়ানী,
চাইনিজ সহ বিভিন্ন রুচিশীল খাবারের জন্য
হেভেন
প্রেসক্লাব সড়ক, চাঁদপুর, ফোন- ০৮৪১৬৩২১০

অনুবাদ! অনুবাদ!! অনুবাদ!!!
রিলাইয়েন্স অনুবাদ কেন্দ্র
সরকারি রেজিঃ নং- ০২০৪০৫০৮
(সরকার অনুমোদিত নির্ভরযোগ্য ভাষা অনুবাদ সংস্থা)
আরবী, বাংলা, ইংরেজী, ইতালী, জাপানী, মালয়েশিয়া ইত্যাদি ভাষার অনুবাদ। সার্টিফিকেট, কাবিন নামা, ম্যারেজ সার্টিফিকেট, এনওসি, ভিসা, পাসপোর্ট, দলিল ইত্যাদি অনুবাদ এবং নোটারী পাবলিক, ফরেন মিনিষ্ট্রি এম্বাসী এটাস্টেশন সহ বিদেশে পরিবার নেওয়ার যাবতীয় কাজ ও প্রবাসে শ্রমজীবীদের যাবতীয় কেইচ/মামলা, ডেড কেইচ ইত্যাদির কাগজ পত্রাদির অনুবাদ ও যাবতীয় সত্যায়িতের কাজে পরামর্শ ও সহযোগিতা করে থাকি।
ঢাকা অফিস ঃ ১৭/২, তোপখানা রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।
বাসা ও অফিস ঃ আনসারী মঞ্জিল, বিলুপ্ত চিত্রলেখার মোড়, কুমিল্লা রোড, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৯৫০-৩৪১৯৪৮, ০১৭১৬-২০১৫৩১

শাহরাস্তিতে অবৈধভাবে বালু উত্তোলন

বালু উত্তোলনের সত্যতা পাওয়া যায়। এ সময় কৃষিজমির মাটি কাটার অপরাধে খেড়িহর গ্রামের সিদ্দিকুর রহমানের ছেলে মো. আবদুর রহিম (৪৫) এবং মনোহরগঞ্জ উপজেলার মো. ফারুক হোসেনকে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০-এর ১৫(১) ধারায় মোট ১ লাখ ৮০ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।

অভিযানে শাহরাস্তি উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সামছুজ্জামানসহ উপজেলা আনসার সদস্য ও গ্রামপুলিশের সদস্যরা উপস্থিত ছিলেন।

নবমীর পূজা শেষ, আজ

দুর্গার চরণে অঞ্জলি দিয়ে বিশ্বজনীন মঙ্গল ও শান্তি কামনা করেন। পূজা শেষে বিভিন্ন মণ্ডপে মহাপ্রসাদ বিতরণ করা হয়। সন্ধ্যায় আরতি ও ধূপ-দীপের আয়োজনে মণ্ডপগুলোতে উৎসবমুখর পরিবেশ তৈরি হয়।

সনাতন ধর্মীয় রীতি অনুযায়ী, মহানবমী দুর্গাপূজার অন্যতম গুরুত্বপূর্ণ দিন। নবমীর পূজা শেষে এবার দেবী দুর্গাকে বিদায় জানানোর পালা। বিজয়া দশমীতে বিহিত পূজা ও দর্পণ বিসর্জনের আনুষ্ঠানিকতা শেষে বিভিন্ন মণ্ডপে সিঁদুর খেলা ও দেবী বরণের আয়োজন করা হবে। পরে বিজয়া শোভাযাত্রা ও প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে শেষ হবে দুর্গোৎসব।

উৎসবের শেষলগ্নে মণ্ডপে মণ্ডপে আনন্দের পাশাপাশি বিরাজ করছে বিদায়ের বিষাদ। দেবীর বিদায় ঘিরে ভক্তদের মধ্যে তৈরি হয়েছে আবেগঘন পরিবেশ।

এইচএসসি পরীক্ষার ফল

শেষে সময় ঘোষণা করা হবে। ওই কর্মকর্তা দৈনিক শিক্ষাডটকমকে বলেন, চট্টগ্রামের মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন পরীক্ষার্থীদের খাতা দেখার অগ্রগতির ওপর এ তারিখ নির্ধারণ করা হয়।

এইচএসসি পরীক্ষার ফল প্রকাশের তারিখ একটু এগিয়ে আনার সম্ভভ হচ্ছে। অক্টোবরের ২৫ থেকে ২৯ তারিখের মধ্যে আমরা ফল প্রকাশ করতে পারবো বলে আশাকরি। বিশেষ কোনো পরিস্থিতি তৈরি না হলে তারিখই বহাল থাকবে বলে আশা করছি। নভেম্বরের ১ থেকে ১৫ তারিখ টার্গেট ছিলো তবে এটা একটু এগিয়ে আনা সম্ভব হচ্ছে। চট্টগ্রাম আর মাদ্রাসা ও কারিগরি বোর্ডের আওতাধীন পরীক্ষার্থীদের খাতা দেখা সম্ভব হচ্ছে।

বাড়িতে ডিজে পার্টি ও মাদকের

চলে। অভিযানে মদ, সিনথেটিক মাদক, সিসা ও বিয়ার উদ্ধার করা হলেও মাদকের সুনির্দিষ্ট ধরন ও পরিমাণ সম্পর্কে বিস্তারিত জানানো হয়নি। মঙ্গলবার বিকেল পর্যন্ত ওই বাড়িতে তল্লাশি ও আলামত সংগ্রহের কাজ চলে।

এ বিষয়ে অতিরিক্ত ডিআইজি আবদুল্লাহ আল জহির জানান, ট্রাভেলারসহ বিভিন্ন ধরনের মানুষ অস্থায়ীভাবে থাকা কিংবা সামাজিক অনুষ্ঠান করার জন্য নিয়ম মেনে বাড়িটি ভাড়া নেন। দীর্ঘদিন ধরেই তিনি এভাবেই বাড়িটি ভাড়া দিয়ে আসছেন। জহিরের দাবি, গত সোমবার রাতের জন্মদিনের পার্টি আয়োজনের জন্য বাড়িটি ভাড়া নেওয়া হয়েছিল। ভাড়ার শর্তে মদ, ওয়াইন এবং যেকোনো ধরনের মাদক ও অবৈধ কার্যকলাপ কঠোরভাবে নিষিদ্ধ বলে উল্লেখ রয়েছে।

তিনি আরও বলেন, 'বাড়িটির ৫টি শয়নকক্ষে সাধারণভাবে সর্বোচ্চ ১০ জন অতিথি রাত কাটাতে পারেন। অতিরিক্ত বিছানার ব্যবস্থা করে সেখানে সর্বোচ্চ ২০ জনের থাকার সুযোগ রয়েছে। এ ছাড়া ১০ জনের বেশি অতিথির জন্য জনপ্রতি ৮ ডলার অতিরিক্ত ফি এবং প্রবেশের সময় প্রত্যেক অতিথির জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্টের কপি জমা দেওয়ার শর্ত রয়েছে। দিনের বেলায় পারিবারিক অনুষ্ঠান আয়োজনের জন্য সর্বোচ্চ ৪০ জন অতিথি আসতে পারবেন বলেও নিয়মে বলা আছে। এই অবস্থায় কোনো অপরাধমূলক কার্যক্রম হয়ে থাকলে, তার দায় সম্পূর্ণ যারা বাড়িটি ভাড়া নিয়েছেন তাদের।'

তবে সোমবার রাতের পার্টিতে কতজনকে আমন্ত্রণ জানানো হয়েছিল এবং অতিথিদের পরিচয়পত্র যাচাই করা হয়েছিল কি না, সে বিষয়ে কিছু জানা যায়নি।

ডিবি সূত্রে জানা গেছে, অনলাইনে বেশ কিছুদিন ধরেই এই গোপন আড্ডার প্রচারণা চলছিল। ফেসবুক ও অন্যান্য সামাজিক মাধ্যমে লোভনীয় বিজ্ঞাপন দেখে দূরদূরান্ত থেকে ওই বাড়িতে জড়ো হন অনেকে। খবর পেয়ে সোমবার মধ্যরাতে ঝটিকা অভিযান শুরু করে ডিবির একটি দল।

মুক্তিযোদ্ধা সংসদ চাঁদপুর

উপজেলা কমান্ডের লেনদেনের তথ্যে ব্যাপক অসঙ্গতি রয়েছে।

এছাড়া বীর মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের দোকান বরাদ্দ, ভাড়ার অর্থ আদায় এবং সম্পত্তি ব্যবস্থাপনায় দীর্ঘদিন ধরে চলে আসা অনিয়মের বিষয়টিও ব্রিফিংয়ে উল্লেখ করা হয়। কমপ্লেক্সের বিভিন্ন কক্ষের সঠিক ব্যবহার না হওয়া এবং প্রশাসনিক অসচ্ছতার বিষয়ে তদন্ত পরিচালনা করা হচ্ছে বলে জানানো হয়।

সাংগঠনিক অনিয়মের বিষয়ে সংবাদ সম্মেলনে বলা হয়, জেলা ইউনিট কমান্ডের সাবেক যুগ্ম আহ্বায়ক কাজী হাসেমের নেতৃত্বে দীর্ঘদিন ধরে পদের অপব্যবহার করে বিভ্রান্তি সৃষ্টি এবং সংগঠনবিরোধী কর্মকাণ্ডে লিপ্ত ছিলেন তারা। এ অভিযোগে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী তাকে বহিষ্কার করা হয়েছে।

সংগঠনের জেলা নেতৃত্ব জানান, এসব আর্থিক ও প্রশাসনিক অনিয়মের বিষয়ে সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তের জন্য জেলা প্রশাসনসহ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে।

সংবাদ সম্মেলনে চাঁদপুর জেলা ইউনিট কমান্ডের সর্বস্তরের বীর মুক্তিযোদ্ধারা এবং সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

মতলব উত্তরে ইয়াবা

থেকে মুক্তার হোসেন (৪২) কে ১০ গ্রাম গাঁজাসহ গ্রেপ্তার করা হয়। তিনি সুলতানাবাদ ইউনিয়নের উত্তর তাতুয়া গ্রামের আবুল হোসেন ও শাহানারা বেগমের ছেলে।

গ্রেপ্তারকৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পৃথক মামলা রুজু করা হয়েছে। এলাকায় আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে ও মাদকের বিস্তার রোধে এমন অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছে পুলিশ।

জমি দখল ও অপপ্রচারের

আমাদের পূর্বপুরুষদের কবরস্থান রয়েছে। মূলত পারিবারিক কবরস্থানের নিরাপত্তা সুনিশ্চিত করতেই সীমানা বেড়া দেয়া হয়েছিল।"

চলাচলের পথের বিষয়ে তিনি জানান, "আমরা কাউকে চলাচলে বাধা দিতে চাই না। পূর্বপুরুষদের কবর রক্ষা করা আমাদের সামাজিক দায়িত্ব। প্রবাসী মামুন মোল্লার পরিবারের যাতায়াতের সুবিধার জন্য কবরস্থানের পাশ দিয়ে ইতোমধ্যেই তিন ফুট প্রশস্ত বিকল্প পথ দেয়ার প্রস্তাব করা হয়েছে। তবে যাতায়াতের মূল নকশা ও প্রবেশমুখ নিয়ে দু'পক্ষের মধ্যে কিছুটা দ্বিমত রয়েছে, যা আলোচনার মাধ্যমে সমাধান সম্ভব।"

ডা. বিপ্লব আরও অভিযোগ করেন, "রাজনৈতিক উদ্দেশ্য হাসিলের জন্য একটি মহল বিষয়টি ভিন্ন খাতে মোড় নেওয়ার চেষ্টা করছে। এমনকি আমার ৮০ বছর বয়সী বৃদ্ধা মাকে প্রাণনাশের হুমকি পর্যন্ত দেয়া হয়েছে। এ বিষয়ে আমরা থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেছি এবং বিষয়টি আইনিভাবেই মোকাবিলা করা হবে।"

সংবাদ সম্মেলনে ছেংগারচর পৌর জামায়াতের আমির রবিউল আলম বলেন, "গত ১৮ অক্টোবরের মানববন্ধনটি ছিল সম্পূর্ণ পরিকল্পিত। উদ্দেশ্যপ্রণোদিতভাবে দলের মনোনীত প্রার্থীর চরিত্রহনন এবং দলের ভাবমূর্তি নষ্ট করতে এই মিথ্যা প্রচার চালানো হয়েছে।" এ ঘটনায় তারা সুষ্ঠু তদন্ত ও প্রশাসনিক প্রতিকার দাবি করেন।

এদিকে সার্বিক বিষয়ে মতলব উত্তর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মানস বড়ুয়া জানান, পথ ও জমি সংক্রান্ত বিরোধের বিষয়টি পুলিশ অবগত রয়েছে। উভয় পক্ষের অভিযোগ ও নথিপত্র যাচাই-বাছাইপূর্বক আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংবাদ সম্মেলনে অন্যান্যের মধ্যে স্থানীয় বিশিষ্ট ব্যক্তিবর্গ ও জামায়াতে ইসলামীর বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

শারদীয় দুর্গোৎসব যেনো

পরিবেশে পূজা উদযাপন করুন। প্রধানমন্ত্রী তারেক রহমান নির্দেশ দিয়েছেন কাউকেই 'সংখ্যালঘু' বলা যাবে না। আমরা সবাই এক, বাংলাদেশ আমাদের সবার। এই দেশে কোনো ধরনের বৈষম্যের স্থান থাকবে না।"

মঙ্গলবার সনাতন ধর্মাম্বলীদের শারদীয় দুর্গাপূজার নবমীর দিন সন্ধ্যায় মতলব বাজারে শ্রী শ্রী জগন্নাথ দেবের মন্দির ও দুর্গাপূজা মণ্ডপ পরিদর্শনের পর আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, "আমি আপনাদের সেবক। সংসদ সদস্যরা আমাকে চাঁদপুরের সেবার দায়িত্ব দিয়েছেন, আমি আপনাদের কল্যাণেই কাজ করে যাচ্ছি। শারদীয় দুর্গোৎসব যেনো সর্বজনীন উৎসবে পরিণত হয়-সেটাই আমাদের লক্ষ্য। আবহমানকাল ধরে বাংলাদেশে সকল ধর্মের মানুষ মিলেমিশে বসবাস করে আসছে, যা সম্প্রীতির এক অনন্য উদাহরণ।"বিগত আন্দোলন-সংগ্রামের কথা উল্লেখ করে জেলা পরিষদ প্রশাসক বলেন, "সরকার পতনের আন্দোলনে আপনাদের অবদান অপরিসীম। হিন্দু সম্প্রদায়ের ভালোবাসা ও আশীর্বাদে আজ তারেক রহমান দেশের প্রধানমন্ত্রী এবং জালাল উদ্দিন আহমেদ ও শেখ ফরিদ আহমেদ মানিক এমপি নির্বাচিত হয়েছেন। তারা আপনাদের সকলকে শারদীয় দুর্গাপূজার শুভেচ্ছা জানিয়েছেন।" আলোচনা সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন চাঁদপুর জেলা বিএনপির যুগ্ম সম্পাদক মো. সেলিমুছ সালাম, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট মনিরা বেগম এবং মতলব দক্ষিণ উপজেলা বিএনপির সভাপতি এনামুল হক বাদলসহ স্থানীয় নেতৃবৃন্দ। এর আগে জেলা পরিষদ প্রশাসক এ কে এম সলিম উল্যা সেলিম মতলব জেলা পরিষদ ডাকবাংলোর বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন করেন। পরবর্তীতে তিনি মতলবের আব্দুর রশিদ ক্লাব আয়োজিত অপর একটি আলোচনা সভায় অংশগ্রহণ করেন।

মতলবে ওয়াজ মাহফিলে

আহ্বান জানান আব্বাসী। তিনি বলেন, মাদকের বিরুদ্ধে অভিযানের ইতিবাচক দিক তুলে না ধরে সাংবাদিকেরা পিস্তল হাতে দৌড়ানোর বিষয়টি সামনে এনেছেন। সাংবাদিকেরা ইতিবাচক সংবাদ প্রচার করলে মাদকের বিরুদ্ধে অভিযান নিয়ে সরকারের সিদ্ধান্ত ভিন্ন হতে পারত বলেও মন্তব্য করেন তিনি।

ঢাকার রাজনীতিতে আলোচিত ইশরাক হোসেনের মাদকবিরোধী অবস্থানের প্রসঙ্গ টেনে আব্বাসী বলেন, ইশরাক হোসেন মাদকের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছেন, যা ঠিক। তবে পিস্তল উঁচিয়ে অভিযান চালানোর পদ্ধতি খারাপ হলেও তাঁর উদ্দেশ্য মহৎ ছিল বলে মন্তব্য করেন তিনি।

আওয়ামী লীগের নেতাকর্মীদের প্রসঙ্গে আব্বাসী বলেন, দেশে বিএনপি, জামায়াত, এনসিপির পাশাপাশি আওয়ামী লীগের লোকজনও রয়েছেন। তাঁর ভাষ্য, যারা খুনের সঙ্গে জড়িত, তাদের শাস্তি হওয়া উচিত। তবে নিরীহ আওয়ামী লীগ নেতাকর্মীদের ক্ষমা করে দেওয়া দেশের জন্য কল্যাণকর হবে। বক্তব্যের অন্য অংশে রাজনৈতিক মতভেদ ভুলে ইসলামের স্বার্থ রক্ষা, মুসলমানদের মৌলিক দাবি আদায় এবং দেশের স্বাধীনতা রক্ষায় ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান আব্বাসী। বাংলাদেশের প্রাকৃতিক সম্পদ ও ভৌগোলিক অবস্থানের গুরুত্ব তুলে ধরে তিনি দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় ঐক্যের ওপর জোর দেন।

শাহরাস্তিতে প্রশাসনের সহযোগিতায়

নজরে থাকবেন। জানা গেছে জয়নব ভানুর ১০ সন্তানের জননী এদের মধ্যে ৬ ছেলে ও ৪ মেয়ে। সম্পত্তি গত বিরোধের জের ধরে ৮৫ বছর বয়সী জয়নব ভানুকে কোন ছেলের ঘরে আশ্রয় দিতে রাজি হয়নি তারা।

উজানী মাদরাসার সিনিয়র

মাঠে মরহুমের জানাজার নামাজ সম্পন্ন হয়। প্রিয় উস্তাদ ও দ্বীনি অভিভাবককে শেষবারের মতো বিদায় জানাতে চাঁদপুর জেলা ও পার্শ্ববর্তী বিভিন্ন এলাকা থেকে ছুটে আসেন শিক্ষক, শিক্ষার্থী, আলেম-ওলামা ও সাধারণ মানুষ। জানাজাপূর্ব স্মৃতিচারণে মরহুমের সহকর্মী ও বিশিষ্ট আলেমগণ তাঁর দ্বীনি খেদমতের কথা স্মরণ করেন। এ সময় এক হৃদয়বিদারক পরিবেশের সৃষ্টি হয় এবং অনেককে অশ্রুসিক্ত নয়নে শেষ বিদায় জানাতে দেখা যায়। শিক্ষামন্ত্রীর শোকপ্রকাশ: কচুয়ার বিশিষ্ট আলেমে দ্বীন মাওলানা মিজানুর রহমানের আকস্মিক ইন্তেকালে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন শিক্ষামন্ত্রী এবং চাঁদপুর-১ (কচুয়া) আসনের সংসদ সদস্য আ ন ম এহসানুল হক মিলন।

হাইমচরে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত

প্রশাসন, হাইমচরের পক্ষ থেকে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীকে সার্বিক সহযোগিতা করার আশ্বাস দেন।

হঠাৎ এ অগ্নিকাণ্ডে প্রতিষ্ঠানটির ব্যাপক ক্ষয়ক্ষতি হওয়ায় ব্যবসায়ী রুবেল হোসেনের ওপর আর্থিক চাপ সৃষ্টি হয়েছে। এমন পরিস্থিতিতে উপজেলা প্রশাসনের সহযোগিতার আশ্বাস ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীর জন্য সহায়ক হবে বলে আশা করছেন স্থানীয় সচেতন ব্যবসায়ী মহল।

ইউপি নির্বাচন সামনে রেখে ভোটার

ব্যক্তিদের মধ্যে যাঁরা ২০২৬ সালের ৩১ অক্টোবরের মধ্যে ভোটার ডেটাবেজে নিবন্ধিত হবেন, তাঁদের অন্তর্ভুক্ত করে হালনাগাদ ভোটার তালিকা প্রস্তুত করা হবে। এ জন্য ৫ নভেম্বর সারা দেশে খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হবে। তালিকা নিয়ে দাবি-আপত্তি নিষ্পত্তির পর ২৫ নভেম্বর চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে।

অবশেষে নামছে ইসির

নির্বাচনে ইভিএম ব্যবহারের যাত্রা শুরু হয় ২০১১ সালে। ওই বছর চট্টগ্রাম সিটি করপোরেশন নির্বাচনে একটি ওয়ার্ডে বুয়েটের তৈরি ইভিএম প্রথমবারের মতো ব্যবহার করা হয়। এরপর সীমিত পরিসরে বিভিন্ন নির্বাচনে এ যন্ত্র ব্যবহারের উদ্যোগ নেওয়া হয়। ২০১৩ সালে রাজশাহী সিটি করপোরেশন নির্বাচনে একটি ইভিএমে সমস্যা দেখা দেওয়ায় পরবর্তী সময়ে সেটি আর ব্যবহার করা হয়নি। পরে কে এম নূরুল হুদা কমিশন দায়িত্ব নেওয়ার পর নির্বাচনে ইভিএম ব্যবহারের উদ্যোগ জোরদার হয়। কমিশনের জন্য বিএমটিএফ ইভিএম তৈরি করে। ২০১৭ সালে রংপুর সিটি করপোরেশন নির্বাচনে একটি ওয়ার্ডের ছয়টি কক্ষে পরীক্ষামূলকভাবে এসব ইভিএম ব্যবহার করা হয়।

এরপর দেড় লাখ ইভিএম কেনার জন্য ২০১৮ সালে ৩ হাজার ৮২৫ কোটি টাকার একটি প্রকল্প অনুমোদন করা হয়। প্রকল্পের মেয়াদ নির্ধারণ করা হয়েছিল ২০২৩ সালের জুন পর্যন্ত। পরে ব্যয় না বাড়িয়ে প্রকল্পের মেয়াদ এক বছর বাড়ানো হয়। একাদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে দেড় লাখ ইভিএম কেনা হলেও ওই নির্বাচনে মাত্র ছয়টি আসনে যন্ত্রগুলো ব্যবহার করা হয়েছিল। পরবর্তী সময়ে কাজী হাবিবুল আউয়াল কমিশন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ১৫০টি আসনে ইভিএম ব্যবহারের পরিকল্পনা করে। এ জন্য ৮ হাজার ৭১১ কোটি টাকার নতুন প্রকল্প হাতে নিতে চাইলেও আর্থিক সংকটের কারণে সরকার তাতে সম্মতি দেয়নি। এরপর পুরোনো ইভিএমের কার্যকারিতা যাচাই করতে গিয়ে দেখা যায়, প্রায় ৪০ হাজার যন্ত্র ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। বাকি ১ লাখ ১০ হাজার ইভিএম মেরামতের জন্য ১ হাজার ২৬০ কোটি টাকা প্রয়োজন বলে জানায় বিএমটিএফ। সরকার এ অর্থ দিতেও অপারগতা প্রকাশ করায় শেষ পর্যন্ত ব্যালট পেপারেই ভোট গ্রহণ করা হয়।

ইভিএম ব্যবহারের সিদ্ধান্ত বাদ

২০২৪ সালের ৫ আগস্ট রাজনৈতিক পট পরিবর্তনের পরে এএমএম নাসির উদ্দিনের নেতৃত্বাধীন নতুন কমিশন দায়িত্ব নিয়ে আয়োজন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন। এই কমিশন ভোটের আগে দলগুলোর মতামতের ভিত্তিতে ইভিএম ব্যবহার থেকে সরে আসে। পরবর্তীতে তারা সংসদ নির্বাচন আইন ও বিধিমালা থেকেও এ সংক্রান্ত বিধান তুলে দেয়। সম্প্রতি স্থানীয় সরকার নির্বাচনের আইন ও বিধিমালা থেকেও মেশিনটির ব্যবহারের বিধান তুলে দেয়া হয়। ফলে সকল নির্বাচনেই এই ভোটযন্ত্র ব্যবহারের পথ বন্ধ হয়ে যায়। তাই আইনি প্রক্রিয়ায় মেশিনটি ব্যবহার অযোগ্য করার পর এখন ধ্বংস করে দেওয়ার প্রক্রিয়া হাতে নিচ্ছে ইসি।

তদন্তের আলামত রেখে নিষ্পত্তি করতে চায় কমিশন

ইভিএমের ভবিষ্যৎ ব্যবহার সম্পর্কে নির্বাচন কমিশন সচিব আখতার আহমেদ বলেন, জাতীয় নির্বাচনে ইভিএম ব্যবহার করা হয়নি। স্থানীয় সরকার নির্বাচনেও যন্ত্রগুলো ব্যবহার করা হবে না। তবে ইভিএম নিয়ে দুর্নীতি দমন কমিশন একটি বিষয়ে তদন্ত করছে। অডিট বিভাগ থেকেও একটি নিরীক্ষা করা হয়েছে। পাশাপাশি জাতীয় পর্যায়ের তিনটি নির্বাচন নিয়ে পর্যালোচনা চলছে। এই বিষয়গুলো মাথায় রেখেই এখন ধংস করা হবে।

সূত্রগুলো জানিয়েছে, সম্প্রতি ইভিএম নষ্ট করে ফেলার বিষয়ে মাঠপর্যায়ের কর্মকর্তাদের কাছে প্রয়োজনীয় তথ্য চেয়ে চিঠি পাঠিয়েছে ইসি। চিঠিতে নির্বাচনে ইভিএম ব্যবহারসংক্রান্ত কোনো মামলা রয়েছে কি না, তা জানতে চাওয়া হয়েছে। মামলা থাকলে সংশ্লিষ্ট নির্বাচনের নাম, নির্বাচনী এলাকা, নির্বাচনের তারিখ, মামলার বিবরণ, সংশ্লিষ্ট ইভিএমের সংখ্যা এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য তথ্য দিতে বলা হয়েছে। পাশাপাশি ইভিএম সংরক্ষণের জন্য গুদাম বা জায়গা ভাড়া নেওয়ার বিষয়ে কোনো মামলা থাকলে তার তথ্যও চাওয়া হয়েছে। এ ছাড়া ইভিএম রাখার জন্য ভাড়া করা গুদামের বকেয়া থাকলে সেই হিসাবও জানাতে বলা হয়েছে।

নির্বাচন কমিশনার আবুল ফজল মো. সানাউল্লাহ এ বিষয়ে বলেন, কমিশনের একেবারে শুরুর দিকের সভাতেই ইভিএম আর ব্যবহার না করার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। কিন্তু যন্ত্রগুলো এখনো কমিশনের কাছে রয়ে গেছে। এগুলো নিয়ে কমিশনকে নানা ধরনের জটিলতা মোকাবিলা করতে হচ্ছে।

তিনি জানান, ইভিএম নিয়ে গঠিত বিভিন্ন কমিটির বক্তব্য শুনেছে কমিশন। এরপর চূড়ান্ত নিষ্পত্তিসহ আগের কমিটির সিদ্ধান্তগুলো কীভাবে বাস্তবায়ন করা যায়, সে বিষয়ে নির্দেশনা দেওয়া হয়েছে। কমিশন চায়, যত দ্রুত সম্ভব ইভিএমগুলো নিষ্পত্তি করা হোক। তবে দুর্নীতি দমন কমিশনসহ বিভিন্ন সংস্থার তদন্ত এবং অন্যান্য আইনি প্রক্রিয়ার জন্য যেসব আলামত সংরক্ষণ করা প্রয়োজন, সেগুলো রেখে দেওয়া হবে। এরপর অবশিষ্ট ইভিএমগুলো দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা নেওয়া হবে।

কচুয়ায় নব মুসলিম

ক্ষোভের সৃষ্টি হয়। নব মুসলিম রিয়া বলেন, আমার নিজের ধর্ম ত্যাগ করে রাব্বি কে ভালোবেসে মুসলিম ধর্ম গ্রহণ করে আদালতের মাধ্যমে বিবাহ করি। বিয়ের পর রাব্বির পরিবার আমাদেরকে মেনে নেন। রাব্বি প্রবাসে গেলে আমার শাশুড়ি ও চাচা শ্বশুর হাফেজ আল আমিন আমার উপর অমানবিক নির্যাতন ও অত্যাচার শুরু করেন। এক পর্যায়ে আমার বাবা-মাকে হুমকি দেন, আমাকে নাকি রাস্তায় ফেলে দেয়া হবে। আমাকে বাধ্য করান আমার স্বামীকে ডিভোর্স দেয়ার জন্য। আমি আমার স্বামীর ঘর করতে চেয়েছিলাম। আমার স্বামীর ঘর আর আমার ভাগ্য ঝুটলো না, আমার শাশুড়ি ও চাচা শ্বশুরের কারণে। আমি এখন কোথায় যাবো, কার কাছে থাকবো। আমাকে ২ লক্ষ টাকা কাবিনের খরচ দিয়ে আমার ইচ্ছার বিরুদ্ধে গিয়ে স্বাক্ষর নিতে বাধ্য করেন গ্রামে কিছু সালিশরা।

স্থানীয়রা জানান, প্রেম-ভালোবাসার টানে হিন্দু ধর্ম ত্যাগ করে মুসলিম হয়ে আদালতের মাধ্যমে বিবাহ আবদ্ধ হন রিয়া ও রাব্বি আহমেদ। শাশুড়ি, চাচা শ্বশুর ও এলাকার কিছু ভাড়া করা শালিসদারের মাধ্যমে এ নব মুসলিম রিয়াকে বাধ্য করেন ডিভোর্সের কাগজে স্বাক্ষর দেয়ার জন্য। এ নিয়ে স্থানীয়দের মাঝে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। বর্তমানে ওই এলাকায় টানটান উত্তেজনা বিরাজ করছে।

২নং উত্তর আলগী

কর্মকাণ্ডে নিজেকে নিয়োজিত রাখার প্রত্যাশা করেন তিনি।

আসন্ন নির্বাচনকে ঘিরে তাঁর এই গণসংযোগ ও মতবিনিময় মাধ্যমে জনসমর্থন গড়ে তোলার চেষ্টা করছেন।

হাজীগঞ্জের ৯নং গন্ধর্ব্যপুর

মো. আবদুল মান্নান, মো. আবদুল কাদের মারোয়ান ও মো. হেদায়েত উল্লাহ সরদার।

কমিটিতে সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক হিসেবে রয়েছেন মো. দেলোয়ার হোসেন। যুগ্ম সাধারণ সম্পাদক পদে রয়েছেন শেখ আবদুল আহাদ, মো. আবুল কালাম আজাদ, মো. ফয়েজ আহমদ, মো. মোস্তফা কামাল সরদার, মো. কামাল হোসেন মিয়াজী ও মো. ইউনুছ হোসেন লিটন। অর্থবিষয়ক সম্পাদক মো. জিয়াউল হক, সাংগঠনিক সম্পাদক মো. মহসীন বেপারী, দপ্তর সম্পাদক মো. খালেকুজ্জামান শামীম, প্রচার সম্পাদক মো. মাহফুজুর রহমান নিপু, মুক্তিযুদ্ধবিষয়ক সম্পাদক মো. রফসুম আলী ভূঁইয়া, মহিলা বিষয়ক সম্পাদক মিসেস খালেদা আক্তার, কৃষিবিষয়ক সম্পাদক মো. আবদুল মতিন বেপারী, যুববিষয়ক সম্পাদক মো. মহিন উদ্দিন এবং ছাত্রবিষয়ক সম্পাদক হিসেবে মো. মহসীন উদ্দিন তুষার।

এতে শ্রম, স্বেচ্ছাসেবক, শিল্প, ধর্ম, স্বাস্থ্য, ত্রাণ ও পুনর্বাসন, শিক্ষা, গণশিক্ষা, ক্রীড়া ও সাংস্কৃতিক, তথ্য, সাহিত্য ও প্রকাশনা, ক্ষুদ্রঋণ সমবায় এবং গ্রাম সরকারবিষয়ক সম্পাদকসহ বিভিন্ন পদ অন্তর্ভুক্ত রয়েছে। ৭১ সদস্য এ কমিটি অনুমোদন করেছেন হাজীগঞ্জ উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির ও সাধারণ সম্পাদক এম এ রহিম পাটোয়ারি।

দৈনিক ইত্তেফাকের ফরিদগঞ্জ

ব্যক্তিদের শনাক্ত এবং তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন সংশ্লিষ্টরা।

হামলার সুনির্দিষ্ট কারণ, অভিযুক্তদের বক্তব্য তাৎক্ষণিকভাবে জানা যায়নি। এ বিষয়ে পুলিশের পরবর্তী পদক্ষেপের দিকে নজর রয়েছে।

চাঁদপুরে সকল হোমিওপ্যাথিক

সকল হোমিওপ্যাথি দোকান বন্ধ থাকবে। স্ব স্ব উপজেলায় বিষয়টি তদারকির জন্য ইউএনওদের অনুরোধ করা হয়েছে।

এদিকে শারদীয় দুর্গাপূজা পবিত্র ধর্মীয় ভাবগাম্ভীর্য ও সহনশীলতার মধ্য দিয়ে পালনের লক্ষ্যে সরকার দেশব্যাপী নিচ্ছিদ্র নিরাপত্তা নিশ্চিত করতে নানা পদক্ষেপ নিয়েছে। এরই ধারাবাহিকতায় হোমিওপ্যাথিতে ব্যবহারযোগ্য রেকটিফাইড স্পিরিট ও ইথাইল অ্যালকোহলের সম্ভাব্য অপব্যবহার রোধে চাঁদপুর জেলার সকল হোমিওপ্যাথিক হোলসেল, পাইকারী ও খুচরা দোকান ২০ ও ২১ অক্টোবর (মঙ্গলবার ও বুধবার) বন্ধ রাখার অনুরোধ জানিয়েছে জেলা হোমিওপ্যাথিক চিকিৎসা কল্যাণ সমিতি।

সংগঠনটির সভাপতি ডাঃ মোঃ আতাহার আলী ও সাধারণ সম্পাদক ডাঃ শেখ মোঃ মহসীন স্বাক্ষরিত এক বিশেষ বার্তায় সমিতির সকল সদস্য ও চিকিৎসকদের সরকারি নির্দেশনা মেনে চলার আহ্বান জানানো হয়।

উপজেলা পর্যায়ে এই নির্দেশনার সঠিক বাস্তবায়ন নিশ্চিত করতে স্ব স্ব এলাকার ইউএনওগণ মাঠপর্যায়ে তদারকি চালাবেন বলে জানানো হয়েছে।

চাঁদপুরে গনি-আয়েশা

সাবেক সভাপতি রহিম বাদশা, গনি-আয়েশা ফাউন্ডেশনের সভাপতি শাহজাহান সিদ্দিকী ও সদস্য নেয়ামত হোসেন।

জানা যায়, শফিকুল ইসলাম গুরুতর অসুস্থ হয়ে বেশ কয়েকদিন চাঁদপুর সদর হাসপাতালের জরুরি চিকিৎসা ইউনিটে চিকিৎসাধীন রয়েছেন। সামাজিক যোগাযোগ মাধ্যমে তাঁর অসুস্থতার খবর দেখতে পেয়ে গনি-আয়েশা ফাউন্ডেশনের পক্ষ থেকে দ্রুত আর্থিক সহায়তা দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। এ ধারাবাহিকতায় তাঁর চিকিৎসার জন্য এই সহায়তা প্রদান করা হয়। অসুস্থ একজন মানুষের চিকিৎসায় তাৎক্ষণিকভাবে পাশে দাঁড়ানোর এই উদ্যোগ মানবিক সহমর্মিতার দৃষ্টান্ত হিসেবে বিবেচিত হচ্ছে।

হাজীগঞ্জের রাজাপুরা আলিম

মানোন্নয়ন, প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়ন এবং শিক্ষার্থীদের সুশিক্ষা নিশ্চিত করতে সংশ্লিষ্ট শিক্ষক, অভিভাবক ও এলাকাবাসীকে সঙ্গে নিয়ে কাজ করতে চাই। এ ক্ষেত্রে সবার সহযোগিতা কামনা করছি।

স্থানীয়দের প্রত্যাশা-তাঁর দায়িত্ব পালনের মধ্য দিয়ে রাজাপুর ইসলামিয়া আলিম মাদরাসার শিক্ষা কার্যক্রম ও অবকাঠামোগত উন্নয়নে ইতিবাচক অগ্রগতি সাধিত হবে। পাশাপাশি বেলঘর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার পরিবেশ উন্নয়নেও তিনি ভূমিকা রাখবেন।

অভিন্ন প্রশ্নে এইচএসসি

সম্বলিত তালিকা প্রকাশ করা হলো। পুনঃনির্ধারিত নতুন বিষয় কোডগুলো নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে আলিম পরীক্ষা ২০২৭ থেকে কার্যকর হবে। ফলে, আলিম পরীক্ষা ২০২৭ থেকে নিয়মিত পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন, ফরম পূরণ, পরীক্ষার্থী সংক্রান্ত তথ্য সংরক্ষণ ও প্রেরণ, প্রবেশপত্র, প্রশ্নপত্র, উত্তরপত্র, ফল প্রস্তুতকরণ, নম্বরপত্র, সনদপত্র এবং পরীক্ষা-সংশ্লিষ্ট অন্যান্য সব কার্যক্রমে সংযুক্ত তালিকায় বর্ণিত নতুন বিষয় কোড ব্যবহার করতে হবে। অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে পূর্বের বিষয় কোডগুলো বহাল থাকবে।

শিগগিরই প্যারিস মুসলিম শহরে পরিণত হবে- ট্রাম্প

দিগন্ত ডেস্ক

ফ্রান্সে ছড়িয়ে পড়া সহিংসতা ও রাজপথের উত্তপ্ত পরিস্থিতির জন্য পুনরায় অভিবাসন নীতিকে দায়ী করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এ ধরনের পরিস্থিতি এড়াতে ইউরোপ এবং ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁকে তাদের দেশের সীমান্ত কঠোরভাবে বন্ধ করার জোর তাগিদ দিয়েছেন তিনি।

সোমবার ওয়াশিংটনে সাংবাদিকদের ট্রাম্প বলেন, 'ফ্রান্সে যা ঘটছে, তা মূলত অভিবাসনের ফল; অন্য কোনো কারণ বা স্কুলের শিক্ষার বিষয় নয়। আমি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁকে স্পষ্ট করে বলেছি, আপনার সীমান্ত বন্ধ করুন।'

সম্প্রতি ফ্রান্সে জীবনযাত্রার ব্যয় ও দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির প্রতিবাদে প্যারিসসহ বিভিন্ন শহরে ব্যাপক বিক্ষোভ অনুষ্ঠিত হয়, যা পরবর্তীতে সাম্প্রতিক বছরগুলোর মধ্যে সবচেয়ে ভয়াবহ সহিংসতার রূপ নেয়।

ফরাসি প্রেসিডেন্টের সঙ্গে অতীতের এক কথোপকথনের কথা স্মরণ করে ৮০ বছর বয়সী এই রিপাবলিকান নেতা বলেন, 'আমি অনেক আগেই তাকে (ম্যাক্রোঁ) বলেছিলাম, ফ্রান্স একটি বড় ভুল করছে। আপনারা সারা বিশ্বের মানুষকে ঢোকার সুযোগ দিচ্ছেন। সারাবিশ্ব থেকে মানুষ সেখানে দলে দলে আসছে।'

সীমান্ত নিয়ন্ত্রণে কঠোর পদক্ষেপ না নিলে পরিস্থিতি আরও ভয়াবহ হবে বলে সতর্ক করে ট্রাম্প যোগ করেন, 'খুব শিগগিরই প্যারিস একটি মুসলিম শহরে পরিণত হতে যাচ্ছে। ইউরোপ যদি এখনই তাদের সীমান্ত বন্ধ না করে এবং বিক্ষোভকারীদের মতো অপরাধীদের বের করে না দেয়, তবে ইউরোপের অস্তিত্বই ধ্বংস হয়ে যাবে।'

উত্তর প্রদেশে মুসলিমদের ওপর হামলা, গ্রেপ্তার ও বুলডোজার অভিযান বেড়েছে

দিগন্ত ডেস্ক

২০২৭ সালে ভারতের উত্তর প্রদেশ বিধানসভা নির্বাচন সামনে রেখে রাজ্যটিতে মুসলিমদের বিরুদ্ধে ঘৃণা, বিদ্বেষমূলক বক্তব্য, নির্বিচারে গ্রেপ্তার এবং বুলডোজার দিয়ে বাড়িঘর গুঁড়িয়ে দেওয়ার মতো ঘটনা উদ্বেগজনক হারে বেড়েছে। 'সাউথ এশিয়া জাস্টিস ক্যাম্পেইন' প্রকাশিত 'ইলেকশন ওয়াচ উত্তর প্রদেশ ২০২৭' শীর্ষক প্রতিবেদনের প্রথম সংস্করণে এ চিত্র উঠে এসেছে।

চলতি বছরের ১ আগস্ট থেকে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত দুই মাসের তথ্যের ভিত্তিতে প্রতিবেদনটি তৈরি করা হয়েছে।

প্রতিবেদনে বলা হয়েছে, ওই দুই মাসে সন্দেহজনক ধর্মীয় উদ্দেশ্যপ্রণোদিত ঘৃণামূলক অপরাধে অন্তত চারজন মুসলিমকে হত্যা করা হয়েছে। নিহতদের মধ্যে এক তরুণকে পিটিয়ে হত্যা করা হয়। পুরুষদের একটি দল তার খালার বোরকা পরা নিয়ে আপত্তি তোলার পর এ ঘটনা ঘটে।

অন্য একটি ঘটনায় 'লাভ জিহাদ'-এর ষড়যন্ত্র তত্ত্ব সামনে এনে এক স্কুলশিক্ষককে গুলি করে হত্যা করা হয়।

এ নিয়ে ২০২৬ সালে উত্তর প্রদেশে ঘৃণামূলক অপরাধে নিহত মুসলিমের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৯ জনে। অথচ, পুরো ২০২৫ সালে এ সংখ্যা ছিল ৭। এ ছাড়া গত ৫ আগস্ট শামলিতে পুলিশের গুলিতে এক মুসলিম নিহত হন।

গ্রেপ্তারের আগে বিচারবহির্ভূত বা 'হাফ এনকাউন্টার'-এর নামে পুলিশের গুলিতে মুসলিমদের আহত হওয়ার ঘটনাও প্রতিবেদনে উঠে এসেছে।

এতে বলা হয়, উত্তর প্রদেশের ৭৫টি জেলার মধ্যে ২৭টিতে এ ধরনের ঘটনায় অন্তত ৭০ জন মুসলিম গুলিবিদ্ধ হয়ে আহত হয়েছেন। তাদের মধ্যে ৫২ জনের বিরুদ্ধে গরু জবাই বা চুরির অভিযোগ আনা হয়েছিল।

এ ছাড়া অন্তত ১৫২ জন মুসলিমকে নির্বিচারে গ্রেপ্তার বা আটক করা হয়েছে। তাদের মধ্যে সাতজন নারী রয়েছেন। অনলাইনে মুখ্যমন্ত্রীর সমালোচনা করায় জেলবন্দি হওয়া পুরুষেরাও এই তালিকায় রয়েছেন।

প্রতিবেদনে আরও বলা হয়েছে, ১২ বছর বয়সী এক বালক 'জয় শ্রীরাম' বলতে অস্বীকার করায় মারধরের শিকার হয়েছে। তবে নথিভুক্ত ১৪টি মারধরের ঘটনার একটিতেও হামলাকারীকে গ্রেপ্তারের তথ্য পাওয়া যায়নি।

রাজনৈতিক ব্যক্তিত্বদের বিভিন্ন উসকানিমূলক বক্তব্যেরও নিন্দা জানানো হয়েছে প্রতিবেদনে। এতে বলা হয়, নির্দিষ্ট দুই মাসে চিহ্নিত ২১টি ঘৃণাভাষণের মধ্যে ১০টির সঙ্গেই উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ জড়িত ছিলেন।

এ ছাড়া রাজ্যের উপমুখ্যমন্ত্রী ও অন্য এক মন্ত্রীর বিভিন্ন বিতর্কিত মন্তব্যও প্রতিবেদনে তুলে ধরা হয়েছে। তবে এসব বক্তব্যের বিষয়ে কোনো কর্মকর্তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার খবর পাওয়া যায়নি।

প্রতিবেদনে বলা হয়েছে, নয়টি পৃথক ঘটনায় অন্তত ৩৪টি মুসলিমের বাড়ি, ব্যবসাপ্রতিষ্ঠান ও ধর্মীয় স্থাপনা বুলডোজার দিয়ে গুঁড়িয়ে দেওয়া হয়েছে।

পাশাপাশি উত্তর প্রদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ডিগ্রি প্রদানের ক্ষমতা কেড়ে নেওয়া হয়েছে। এর ফলে প্রায় ৩৭ হাজার শিক্ষার্থীর ভবিষ্যৎ অনিশ্চয়তার মুখে পড়েছে।

এ ছাড়া ১০টি জেলায় অন্তত ১২ বার বিরোধী দলের রাজনীতিবিদদের গৃহবন্দী রাখা হয়েছে। পুলিশ হেফাজতে নিহত ব্যক্তিদের পরিবারের সদস্যদের সঙ্গে দেখা করা কিংবা ভাঙচুরের শিকার এলাকাগুলো পরিদর্শন করা থেকে তাদের বিরত রাখতেই এ পদক্ষেপ নেওয়া হয়েছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

প্রতিবেদনে বলা হয়েছে, ভারতের সবচেয়ে জনবহুল রাজ্য উত্তর প্রদেশে সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা, মৌলিক অধিকার ও রাজনৈতিক অংশগ্রহণ সুরক্ষিত রাখার ক্ষেত্রে বড় ধরনের চ্যালেঞ্জ তৈরি হয়েছে।

মানবাধিকার লঙ্ঘন প্রতিরোধ এবং নির্বাচনি স্বচ্ছতা নিশ্চিত করতে এ ধরনের ঘটনার নিয়মিত পর্যবেক্ষণ ও প্রামাণ্য দলিল তৈরি করা অত্যন্ত জরুরি বলেও প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

চাঁদপুর আল আমিন হাসপাতাল (প্রাঃ) লিঃ

CHANDPUR AL-AMIN HOSPITAL

আল-আমিন একাডেমী ছাত্রী শাখার পার্শ্বে, নতুন বাজার, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৭১২১২৯৩২০

বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাক্তারগণের নাম	বিশেষজ্ঞ	রোগী দেখার সময়
ডাঃ মুহাম্মদ সালাহ্ উদ্দিন সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান নাক, কান, গলা ও হেড নেক সার্জারী বিভাগ শেরে-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল	নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড নেক সার্জন কানের সার্জারীতে ও লেজার সার্জারী বিশেষজ্ঞ	প্রতি মাসে ১ম ও ৩য় শুক্রবার দুপুর ৪ টা হইতে রাত ৮টা
ডাঃ আনোয়ার হোসেন এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), এমপিএইচ(বিএসএমএমইউ) সার্টিফাইড ফেলো কার্ডিওলজী ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, ঢাকা (জনস্বাস্থ্য বিশেষজ্ঞ) মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, নিউরোমেডিসিন, হৃদরোগ, বাতজ্বর, বক্ষব্যাধি, চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ	প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ এ.এইচ.এম ফেরদৌস নুর (কাউছার) এমবিবিএস(সিএমসি), বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস(ইএনটি) জাতীয় নাক, কান, গলা, ইনষ্টিটিউট তেজগাও, ঢাকা (এক্স)। ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। মোবাইল: ০১৯১৮-০২২৮৪৩ (ব্যক্তিগত)	নাক, কান, গলা, মুখ গহ্বর, ঘাড় ও মাথা ব্যাথা রোগ বিশেষজ্ঞ এবং হেড নেক সার্জন	প্রতিদিন দুপুর ২টা হইতে রাত ৯টা
ডাঃ মোঃ সাদ্দাম হোসেন তালুকদার এমবিবিএস, বিসিএস(স্বাস্থ্য)	মেডিসিন, এ্যাজমা, হাঁপানী ... ও থোরাসিক সার্জন	প্রতিদিন দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত
ডাঃ আজমিরা বেগম এমবিবিএস(ঢামেক), বিসিএস(স্বাস্থ্য) এম এস (গাইনী এন্ড অবস) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।	স্ত্রী, প্রসূতিরোগ বিশেষজ্ঞ এবং সার্জন	প্রতিদিন দুপুর ৩টা থেকে রাত ৭টা পর্যন্ত
ডাঃ দ্বীন ইসলাম এমবিবিএস(সিওমেক)	নবজাতক শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ	প্রতি রবিঃ থেকে বুধবার।

আমাদের বৈশিষ্ট্য সমূহ:
- অভিজ্ঞ ডিপ্লোমাধারী প্যাথলজি টেকনিশিয়ানের মাধ্যমে সকল প্রকার পরীক্ষা-নিরীক্ষা করা হয়।
- আউটডোরে ২৪ ঘণ্টা এম.বি.বি.এস ডাক্তারের অবস্থান।
- নরমাল ডেলিভারীর ব্যবস্থা।
- বিশেষজ্ঞ ডাক্তারদের চেম্বার সুবিধা।
- সার্বক্ষণিক রোগী ভর্তির ব্যবস্থা।
- স্বল্প ব্যয়ে সবধরনের অপারেশন সুবিধা।

সবধরনের অপারেশন ও পরীক্ষার নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

রিয়াদের বাসিন্দাদের ফোনে বিমান হামলার হুমকির সতর্কতা

দিগন্ত ডেস্ক

সৌদি আরবে হুথিদের হামলা অব্যাহত থাকার মধ্যেই দেশটির রাজধানী রিয়াদের বাসিন্দারা বিমান হামলার হুমকি সম্পর্কে ফোনে সতর্কবার্তা পেয়েছেন।

এখন পর্যন্ত হতাহত বা ক্ষয়ক্ষতির কোনো খবর পাওয়া যায়নি বলে একটি খবরে বলা হয়েছে।

সোমবার সৌদি কর্মকর্তারা জানান, হুথিদের সঙ্গে যুদ্ধের তীব্রতা বেড়ে যাওয়ার পর তারা 'ডাভোস ইন দ্য ডেজার্ট' সম্মেলনে সশরীরে অংশগ্রহণ বাতিল করছেন।

এই বিনিয়োগ সম্মেলনটি ২৬ থেকে ২৯শে অক্টোবর (৪ থেকে ৭ই নভেম্বর) অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।

এদিকে, ইয়েমেনেও লড়াই তীব্র হয়েছে। সৌদি আরব-সমর্থিত ইয়েমেনি সরকারি বাহিনীর একটি সামরিক শিবিরে হুথিদের হামলায় ৫০ জনের বেশি সেনা নিহত এবং আরও ২০০ জন আহত হয়েছেন। দক্ষিণ ইয়েমেনে সদ্য নিয়োগ পাওয়া সেনাদের লক্ষ্য করে ওই হামলা চালানো হয়।

প্যারিসসহ বিভিন্ন শহরে কারফিউ জারি

দিগন্ত ডেস্ক

বিক্ষোভ, সহিংসতা, লুটপাট এবং দেশজুড়ে আইনশৃঙ্খলা পরিস্থিতির গুরুতর অবনতি প্রতিরোধ করতে রাজধানী প্যারিস, গুরুত্বপূর্ণ শহর লিল, নিসসহ বিভিন্ন শহরে স্থানীয় বা লোকালাইজড কারফিউ জারি করেছে ফ্রান্সের সরকার। রাজধানীসহ বিভিন্ন শহরের সংঘাতপ্রবণ ও ঝুঁকিপূর্ণ এলাকাগুলোতে কার্যকর থাকবে এই কারফিউ।

গতকাল সোমবার প্যারিসের প্রধানমন্ত্রী সেবাস্টিয়েন লেকোর্নু এক আদেশে এই কারফিউ জারি করেছেন। তবে জরুরি অবস্থা এখনও ঘোষণা করেননি তিনি।

কারফিউ জারি করার পর এক সাংবাদিক সম্মেলনে লেকোর্নু বলেন, "সরকার দেশে শৃঙ্খলা ফিরিয়ে আনার প্রশ্নে অবিচল। আমরা এখনও জরুরি অবস্থা ঘোষণা করছি না; কারণ আমরা মনে করি, বর্তমান পরিস্থিতিতে আংশিক ও স্থানীয় পর্যায়ে কারফিউ জারি করাই বেশি যৌক্তিক।"

প্যারিস পুলিশ জানিয়েছে, সরকারের কারফিউ আদেশের আওতায় রাজধানীর নির্দিষ্ট কিছু এলাকায় স্থানীয় সময় রাত ৮টা থেকে বিক্ষোভ নিষিদ্ধ করা হয়েছে। এছাড়া 'প্লাস দে লা রিপাবলিক' ও 'লে হাল' এলাকায় রাত ১১টা থেকে কারফিউ জারি করা হয়েছে। উভয় বিধিনিষেধই মঙ্গলবার সকাল ৬টা পর্যন্ত কার্যকর থাকবে।

"এসব পদক্ষেপ কঠোরভাবে কার্যকর করতে উক্ত এলাকাগুলোতে পুলিশ মোতায়েন করা হয়েছে", সোমবার সন্ধ্যায় এক বিবৃতিতে জানিয়েছে প্যারিস পুলিশ।

প্রধানমন্ত্রী লেকর্নু'র দপ্তরের একটি সূত্র জানিয়েছে, স্থানীয় মেয়রদের সম্মতিক্রমে লিল, দুয়ে, ওয়াটিনি ও দেনেইন শহরে মঙ্গল ও বুধ- এ দু'দিনের জন্য অপ্রাপ্তবয়স্কদের ওপর রাত ৮টা থেকে সকাল ৬টা পর্যন্ত কারফিউ আরোপ করা হয়েছে।

নিস শহরের মেয়র এরিক সিওত্তি অনলাইনে পোস্ট করা এক ভিডিও বার্তায় জানিয়েছেন যে, তিনি নিস শহরের কেন্দ্রস্থলে রাতের বেলা অপ্রাপ্তবয়স্কদের চলাচলের ওপর কারফিউ জারির আদেশে স্বাক্ষর করেছেন।

মার্সেই শহরে সব ধরনের জমায়েত ও বিক্ষোভ নিষিদ্ধ করা হয়েছে। এদিকে, ফরাসি শ্রমিক ইউনিয়নগুলো আগামী ৫ নভেম্বর নতুন করে ধর্মঘট ও সমাবেশের ডাক দিয়েছে।

ফ্রান্সে লুটপাট-সহিংসতা, বিক্ষোভকারীদের সঙ্গে পুলিশের সংঘাত এবং আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির এই চিত্র দেখা গেছে গত শনি ও রোববার। তার আগে দেশের শিক্ষার পরিবেশ উন্নত করার দাবিতে কয়েক সপ্তাহ ধরে শিক্ষার্থীদের বিক্ষোভ চলছিল।

পরবর্তী প্রেসিডেন্ট নির্বাচনের ছয় মাস আগে ঘটা এসব ঘটনা ফ্রান্সকে কাঁপিয়ে দিয়েছে এবং দেশটির দুর্বল অর্থনীতি ও ক্রমবর্ধমান ঋণের বোঝা থেকে সৃষ্ট চাপকে সামনে নিয়ে এসেছে।

ইসরায়েলে রপ্তানির প্রতিবাদে জার্মানির অস্ত্র কারখানা অবরোধ

দিগন্ত ডেস্ক

ইসরায়েলে জার্মানির অব্যাহত অস্ত্র রপ্তানির প্রতিবাদে দেশটির একাধিক অস্ত্র উৎপাদনকারী প্রতিষ্ঠানের প্রবেশপথ অবরোধ করেছেন ফিলিস্তিনপন্থি আন্দোলনকারীরা। মঙ্গলবার (২০ অক্টোবর) সমন্বিত এ কর্মসূচির মাধ্যমে অস্ত্র সরবরাহ বন্ধের দাবি জানান তারা।

'পিসফুলি এগেইনস্ট জেনোসাইড' নামের একটি সংগঠন এ কর্মসূচির আয়োজন করে। বিক্ষোভকারীরা অস্ত্র প্রস্তুতকারী প্রতিষ্ঠান রাইনমেটালের একাধিক স্থাপনা এবং জেনারেল ডায়নামিকসের একটি স্থাপনার প্রবেশপথ অবরোধ করেন।

জার্মানির রাজধানী বার্লিনের ওয়েডিং এলাকায় রাইনমেটালের একটি কারখানার সামনেও অবস্থান কর্মসূচি পালন করেন বিক্ষোভকারীরা।

সংগঠনটির প্রতিনিধি লাইলা ফুইস এক বিবৃতিতে বলেন, গত তিন বছর ধরে ফিলিস্তিনে প্রতিদিন মানুষ নিহত হচ্ছেন। তার অভিযোগ, ফিলিস্তিনিদের বিরুদ্ধে ইসরায়েলের কর্মকাণ্ড গণহত্যার শামিল।

ফুইসের দাবি, এসব ঘটনার পরও জার্মান সরকার ইসরায়েলে অস্ত্র সরবরাহের অনুমোদন দিয়ে যাচ্ছে। একই সঙ্গে রাইনমেটালের মতো প্রতিষ্ঠানগুলো পূর্ণ গতিতে অস্ত্র উৎপাদন চালিয়ে যাচ্ছে।

তিনি বলেন, আন্তর্জাতিক আইন অনুযায়ী অস্ত্র সরবরাহের মাধ্যমে গণহত্যায় অংশগ্রহণ নিষিদ্ধ। তবে এ নিষেধাজ্ঞা জার্মান রাষ্ট্রের অস্ত্র সরবরাহ অব্যাহত রাখাকে থামাতে পারেনি বলে তিনি অভিযোগ করেন।

বিক্ষোভকারীদের অবস্থানের ব্যাখ্যা দিয়ে ফুইস বলেন, অস্ত্র কারখানাগুলো অবরোধ করা হচ্ছে আইন ভাঙার জন্য নয়, বরং সবার অধিকার রক্ষা এবং মানুষের জীবন বাঁচানোর স্বার্থে।

ইসরায়েলে অস্ত্র সরবরাহ নিয়ে জার্মানিতে দীর্ঘদিন ধরে রাজনৈতিক ও মানবাধিকারভিত্তিক বিতর্ক চলছে। বিক্ষোভকারীদের দাবি, অস্ত্র রপ্তানি বন্ধের মাধ্যমে ফিলিস্তিনে সহিংসতা কমাতে ভূমিকা রাখতে হবে।

মক্কা-মদিনা ছাড়া সৌদির আকাশসীমাকে অনিরাপদ ঘোষণা হুতিদের

দিগন্ত ডেস্ক

সৌদি আরবের মক্কা ও মদিনা ছাড়া বাকি আকাশসীমাকে অনিরাপদ ঘোষণা করেছে ইয়েমেনের হুতি বিদ্রোহীরা। একই সঙ্গে দেশটির তেল স্থাপনাগুলো থেকে কর্মী ও সাধারণ নাগরিকদের দূরে থাকার সতর্কবার্তা দিয়েছে গোষ্ঠীটি। হুতিদের নিয়ন্ত্রণাধীন সংবাদ সংস্থা সাবার এক প্রতিবেদনে সামরিক সূত্রের বরাতে বলা হয়েছে, 'মক্কা ও মদিনা ছাড়া সৌদি আকাশসীমা অনিরাপদ।' সতর্কবার্তা উপেক্ষা করলে সংশ্লিষ্টদের কোনো অজুহাত গ্রহণ করা হবে না বলেও হুঁশিয়ারি দিয়েছে সূত্রটি।

সৌদি আরবের রাষ্ট্রায়ত্ত তেল কোম্পানি আরামকোর শেয়ারহোল্ডারদেরও শেয়ার বিক্রি করে দেওয়ার পরামর্শ দিয়েছে হুতিরা। সামরিক সূত্রটি বলেছে, 'ক্ষতি এড়াতে আরামকোর শেয়ারহোল্ডারদের অনেক দেরি হওয়ার আগেই শেয়ার তুলে নেওয়ার পরামর্শ দিচ্ছি।' তবে কী ধরনের পদক্ষেপ নেওয়া হতে পারে, সে বিষয়ে বিস্তারিত কিছু জানায়নি গোষ্ঠীটি।

এর আগে সৌদি আরবের নাজরান শহরের একটি আবাসিক এলাকায় ক্ষেপণাস্ত্র বা অন্য কোনো ধরনের প্রক্ষেপণাস্ত্র আঘাত হানার ঘটনায় ছয়জন আহত হওয়ার কথা জানায় দেশটির বেসামরিক প্রতিরক্ষা কর্তৃপক্ষ। এ ছাড়া সৌদি নেতৃত্বাধীন জোট জানিয়েছে, হুতিদের ছোড়া দুটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র প্রতিহত ও ধ্বংস করা হয়েছে। ক্ষেপণাস্ত্র দুটি সৌদি আরবের খামিস মুশাইত শহর লক্ষ্য করে ছোড়া হয়েছিল।

অক্টোবরের শুরু থেকে সৌদি নেতৃত্বাধীন জোট ও হুতিদের মধ্যে সংঘাত এবং আঞ্চলিক নিরাপত্তা উত্তেজনা বেড়েছে। হুতিদের সক্ষমতা লক্ষ্য করে বড় পরিসরে অভিযান চালানোর ঘোষণা দিয়েছে জোটটি। পাল্টা সৌদি আরবের বিমানবন্দর ও বিভিন্ন স্থাপনা লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালিয়েছে হুতিরা।

শীতে আফগানিস্তানে তীব্র খাদ্যসংকটে পড়তে পারে ১ কোটি ৯২ লাখ মানুষ

দিগন্ত ডেস্ক

আসছে শীতে আফগানিস্তানে প্রায় ১ কোটি ৯২ লাখ মানুষ তীব্র খাদ্যনিরাপত্তাহীনতার মুখে পড়তে পারে বলে সতর্ক করেছে জাতিসংঘ। মঙ্গলবার (২০ অক্টোবর) জাতিসংঘের মানবিক বিষয়ক সমন্বয় দপ্তর (ওসিএইচএ) এ আশঙ্কার কথা জানিয়েছে।

জেনেভায় সাংবাদিকদের সঙ্গে আলাপকালে আফগানিস্তানে ওসিএইচএর মুখপাত্র ওলগা চেরেভকো বলেন, সেপ্টেম্বর থেকে অক্টোবরের মধ্যে দেশটির প্রায় ১ কোটি ৫৯ লাখ মানুষ সংকটজনক বা তার চেয়েও গুরুতর পর্যায়ের খাদ্যনিরাপত্তাহীনতায় ভুগছে। অর্থাৎ দেশটির প্রায় প্রতি তিনজনের একজন এ সংকটের মধ্যে রয়েছে।

তিনি জানান, চলতি শীতে প্রায় ৫০ লাখ মানুষ খাদ্যসংকটের জরুরি পর্যায়ে পৌঁছাতে পারে। এতে দেশটির সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য পরিস্থিতি আরও কঠিন হয়ে উঠতে পারে।

শিশুদের অপুষ্টি নিয়েও উদ্বেগ জানিয়েছে জাতিসংঘ। সংস্থাটির পূর্বাভাস অনুযায়ী, আগামী বছর ছয় মাস থেকে পাঁচ বছর বয়সী ৪০ লাখের বেশি শিশুর তীব্র অপুষ্টির চিকিৎসা প্রয়োজন হতে পারে। তাদের মধ্যে প্রায় ১১ লাখ শিশু তীব্র অপুষ্টিতে আক্রান্ত হওয়ার ঝুঁকিতে রয়েছে।

অর্থায়ন কমে যাওয়ায় দেশটির প্রায় এক-তৃতীয়াংশ পুষ্টিসেবা কেন্দ্র বন্ধ হয়ে গেছে অথবা সেবা কার্যক্রম স্থগিত করেছে বলেও জানান চেরেভকো।

তিনি সতর্ক করে বলেন, এসব সেবা একবার বন্ধ হয়ে গেলে এর পরিণতি অপূরণীয় হতে পারে, বিশেষ করে শিশুদের ক্ষেত্রে।

জাতিসংঘের মতে, অর্থায়নের ঘাটতি আফগানিস্তানে খাদ্যসহায়তা ও পুষ্টিসেবা কার্যক্রমকে বাধাগ্রস্ত করছে। শীতকাল ঘনিয়ে আসার সঙ্গে সঙ্গে খাদ্যসংকট মোকাবিলা এবং ঝুঁকিতে থাকা শিশুদের চিকিৎসা নিশ্চিত করা আরও বড় চ্যালেঞ্জ হয়ে উঠছে।

মঙ্গলের উপগ্রহ থেকে পাথর আনতে জাপানের ঐতিহাসিক অভিযান শুরু

দিগন্ত ডেস্ক

মঙ্গলের উপগ্রহ ফোবোস থেকে মাটি ও পাথরের নমুনা সংগ্রহ করে পৃথিবীতে ফিরিয়ে আনতে ঐতিহাসিক মহাকাশ অভিযান শুরু করেছে জাপান। বিজ্ঞানীদের আশা, এই অভিযানের সংগৃহীত নমুনা সৌরজগতের সৃষ্টি এবং পৃথিবীতে প্রাণের উৎপত্তি সম্পর্কে গুরুত্বপূর্ণ সূত্র দিতে পারে।

জাপানের মহাকাশ গবেষণা সংস্থা জাক্সা জানিয়েছে, দেশটির দক্ষিণ-পশ্চিমাঞ্চলের তানেগাশিমা দ্বীপ থেকে স্থানীয় সময় ভোরে এইচ-৩ রকেটের মাধ্যমে 'মার্শিয়ান মুনস এক্সপ্লোরেশন' (এমএমএক্স) মহাকাশযানটি উৎক্ষেপণ করা হয়।

পরিকল্পনা অনুযায়ী, মহাকাশযানটি আগামী বছরের আগস্টে মঙ্গলের কক্ষপথে পৌঁছাবে। এরপর মঙ্গলের দুটি ছোট, আলুর মতো আকৃতির উপগ্রহের একটি ফোবোসের পৃষ্ঠ থেকে অন্তত ১০ গ্রাম মাটি ও পাথরের নমুনা সংগ্রহ করবে। ২০৩১ সালে নমুনাসহ মহাকাশযানটির পৃথিবীতে ফেরার কথা রয়েছে।

প্রায় ২২ দশমিক ৫ কিলোমিটার ব্যাসের গর্তযুক্ত ফোবোস মঙ্গলের পৃষ্ঠ থেকে প্রায় ছয় হাজার কিলোমিটার ওপরে থেকে গ্রহটিকে দিনে প্রায় তিনবার প্রদক্ষিণ করে।

স্থানীয় সময় ভোর ৪টা ৪১ মিনিটে তানেগাশিমা মহাকাশকেন্দ্র থেকে এইচ-৩ রকেটটি অন্ধকার আকাশে উড়ে যায়। উৎক্ষেপণ সরাসরি সম্প্রচার দেখতে হাজারো মানুষ ভোরে জেগে ছিলেন। প্রায় এক ঘণ্টা পর মহাকাশযানটি রকেটের ওপরের ধাপ থেকে বিচ্ছিন্ন হলে জাক্সার বিজ্ঞানীরা অভিযান শুরুর সাফল্য ঘোষণা করেন। এ সময় নিয়ন্ত্রণকক্ষে উদ্‌যাপনের দৃশ্য দেখা যায়।

গত অর্ধশতকে নাসা মঙ্গলে নয়টি মহাকাশযান অবতরণ করিয়েছে। ২০২১ সালে চীনও মঙ্গলের পৃষ্ঠে মহাকাশযান অবতরণ করায়। তবে ফোবোস কিংবা মঙ্গলের অপেক্ষাকৃত ছোট উপগ্রহ ডেইমোসে অবতরণের চেষ্টা এবারই প্রথম।

জাপানের নেতৃত্বাধীন এই প্রকল্পে যুক্ত নাসার জ্যোতির্পদার্থবিদ টম স্ট্যাটলার বলেন, 'এখানে প্রচুর উত্তেজনা এবং বিস্ময়ের অনুভূতি রয়েছে।'

পাঁচটি মহাকাশ সংস্থা পাঁচ বছর মেয়াদি এই অভিযানে একসঙ্গে কাজ করছে। পরিকল্পনা অনুযায়ী, ফোবোসে একটি রোবোটিক অনুসন্ধানযান ও একটি রোভার পাঠানো হবে।

প্রায় ৫৭ কোটি ৮০ লাখ ডলার ব্যয়ের এই অভিযানে ব্যবহৃত মহাকাশযানটির ওজন পাঁচ টন। আগামী গ্রীষ্মে মঙ্গলের কক্ষপথে পৌঁছানোর পর এটি ফোবোসের কক্ষপথের সঙ্গে নিজের অবস্থান সমন্বয় করবে। এরপর মহাকাশযান থেকে ছোট ফরাসি-জার্মান রোভার 'ইডেফিক্স' বিচ্ছিন্ন করা হবে। নামটি নেওয়া হয়েছে 'অ্যাস্টেরিক্স' কমিকসের সাদা টেরিয়ার চরিত্র থেকে।

পরিকল্পনা অনুযায়ী, ফোবোসের মাধ্যাকর্ষণ পৃথিবীর মাত্র এক হাজার ভাগের এক ভাগ হওয়ায় চার চাকার রোভারটি উপগ্রহটির পৃষ্ঠে কয়েক মিনিট লাফিয়ে লাফিয়ে এগিয়ে গিয়ে একসময় থামবে। এরপর প্রায় ১০০ দিন ধরে পৃষ্ঠ পর্যবেক্ষণ করবে। মূল নমুনা সংগ্রাহক মহাকাশযান অবতরণের আগে নিরাপদ অবতরণ ও নমুনা সংগ্রহের উপযুক্ত স্থান খুঁজে বের করাই হবে এর কাজ।

মূল মহাকাশযানের চার পা-যুক্ত স্থির অবতরণযানটি ফোবোসে মাত্র দুই ঘণ্টা অবস্থান করবে। এ সময় এটি খননযন্ত্র ও শোষণপ্রযুক্তি ব্যবহার করে মাটি ও পাথরের নমুনা সংগ্রহ করবে। এরপর আবার মহাকাশে ফিরে যাবে।

কর্মকর্তারা জানিয়েছেন, মঙ্গলের কক্ষপথ ছাড়ার আগে মহাকাশযানটি একাধিকবার ডেইমোসের পাশ দিয়ে উড়ে সেটিকে পর্যবেক্ষণ করবে। ২০৩০ সালের নভেম্বরে মঙ্গলের কক্ষপথ ত্যাগ করার পরিকল্পনা রয়েছে।

জার্মান মহাকাশ সংস্থার রোভারবিষয়ক প্রধান মার্কুস গ্রেবেনস্টাইন বলেন, 'এটি জীবনে একবারই আসার মতো সুযোগ। আমরা মঙ্গলব্যবস্থা থেকে প্রথমবারের মতো নমুনা ফিরিয়ে আনার অভিযানের অংশ।'

বিজ্ঞানীরা আশা করছেন, সংগৃহীত নমুনা বিশ্লেষণ করে ফোবোস ও ডেইমোস কীভাবে তৈরি হয়েছে, তা জানা সম্ভব হবে। এমনকি প্রাণের উৎপত্তি সম্পর্কেও সূত্র মিলতে পারে। নাসার মতে, এমএমএক্স অভিযানের ফলাফল ভবিষ্যতের মঙ্গল অভিযান, এমনকি মানুষবাহী অভিযানের পরিকল্পনাতেও সহায়তা করবে।

উপগ্রহ দুটির উৎপত্তি নিয়ে বিজ্ঞানীদের মধ্যে দুটি প্রধান তত্ত্ব রয়েছে। 'বৃহৎ সংঘর্ষ' তত্ত্ব অনুযায়ী, কোনো মহাজাগতিক বস্তু মঙ্গলে আঘাত হানার পর ছিটকে যাওয়া পদার্থ থেকে ফোবোস ও ডেইমোসের সৃষ্টি হয়েছে।

অন্য তত্ত্বটি 'মহাকর্ষে বন্দি' হওয়ার ধারণার ওপর ভিত্তি করে তৈরি। এতে বলা হয়, উপগ্রহ দুটি আসলে গ্রহাণু, যা মঙ্গলের মহাকর্ষের টানে তার কক্ষপথে আটকা পড়েছে।

জাক্সার মতে, কোন তত্ত্বটি সঠিক, তা নির্ধারণ করা গেলে পৃথিবীসহ সূর্যের কাছের পাথুরে গ্রহগুলোতে প্রাণের উপযোগী পরিবেশ কীভাবে সৃষ্টি হয়েছে, সে সম্পর্কে ধারণা পাওয়া যাবে। সূর্যের নিকটতম চারটি গ্রহ হলো বুধ, শুক্র, পৃথিবী ও মঙ্গল।

মঙ্গলের পৃষ্ঠ থেকে পাথরের নমুনা পৃথিবীতে ফিরিয়ে আনার ক্ষেত্রে যুক্তরাষ্ট্র ও চীনের মধ্যেও প্রতিযোগিতা চলছে।

নাসার 'পারসিভিয়ারেন্স' রোভার ২০২১ সাল থেকে মঙ্গলে অনুসন্ধান চালিয়ে নমুনা সংগ্রহ করেছে। তবে চলতি বছরের জানুয়ারিতে কংগ্রেসের ভোটের পর ট্রাম্প প্রশাসন নমুনাগুলো পৃথিবীতে ফিরিয়ে আনার পরিকল্পনা স্থগিত করে।

অন্যদিকে, চীনের 'তিয়ানওয়েন-৩' মহাকাশযান ২০২৮ সালের দিকে উৎক্ষেপণের পরিকল্পনা রয়েছে। এর মাধ্যমে ২০৩১ সালের মধ্যেই মঙ্গলের নমুনা পৃথিবীতে ফিরিয়ে আনা সম্ভব হতে পারে। সে ক্ষেত্রে জাপানের উপগ্রহ অভিযান পৃথিবীতে ফেরার আগেই চীনের মঙ্গল অভিযান নমুনা নিয়ে ফিরে আসতে পারে।